

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (B Unit)

শিক্ষাবর্ষ : 2015-2016 [Set-1]

বাংলা

০১. 'তরুণতা যেমন বৃষ্টির সাহায্যপ্রার্থী, মেঘও সেইরূপ তরুণ সাহায্য চায়'। উক্তিটি কোন গল্পের/কবিতার?
- A. সুলতানার স্বপ্ন B. নবদম্পতির প্রেমলাপ
C. অর্ধস্রী D. উদাত্ত পৃথিবী

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।

Ans : C.

০২. সমকালীন আখ্যানকার বলা হয় কাকে?
- A. শামসুর রাহমান B. হুমায়ূন আহমেদ
C. মধুসূদন দত্ত D. সৈয়দ আলী আহসান

ব্যাখ্যা : বাংলাদেশের সমসাময়িক সাহিত্য জগতে হুমায়ূন আহমেদ এক যাদুকরি নাম। এ কারণে তাঁকে সমকালীন আখ্যানকার বলা হয়।

Ans : B.

০৩. 'পূর্বাভাস' কার লেখা?
- A. সুকান্ত ভট্টাচার্য B. ফররুখ আহমেদ
C. সুফিয়া কামাল D. কাজী নজরুল ইসলাম

ব্যাখ্যা : সুকান্ত ভট্টাচার্যের উল্লেখযোগ্য-

- কাব্যগ্রন্থ- ছাড়পত্র, পূর্বাভাস, মিঠেকড়া, অভিযান, ঘুম নেই, হরতাল, গীতিগুচ্ছ।

Ans : A.

০৪. কোন বাক্যটি সঠিক?
- A. সকল দর্শকমন্ডলীকে স্বাগত জানাই
B. দর্শকমন্ডলীকে স্বাগত জানাই
C. সকলকে স্বাগত জানাই D. সকল দর্শকবৃন্দকে সুস্বাগত

ব্যাখ্যা : শুদ্ধবাক্য- দর্শকমন্ডলীকে স্বাগত জানাই।

Ans : B.

০৫. উচ্চারণের রীতি অনুযায়ী ব্যঞ্জনধ্বনিকে কয়ভাগে ভাগ করা যায়?
- A. ৫ B. ৪ C. ৬ D. ৭

ব্যাখ্যা : উচ্চারণ স্থানের নাম অনুসারে ব্যঞ্জন ধ্বনি গুলোকে ৫ ভাগে ভাগ করা হয়-

- ১। কণ্ঠ বা জিহ্বামূলীয় ২। তালব্য বা অমৃতালুজাত
৩। মূর্ধ্যগ্য বা পশ্চাৎ দন্তমূলীয় ৪। দন্ত্য বা অমৃতদন্তমূলীয়
৫। ওষ্ঠ্য

Ans : A.

০৬. কোনটি যৌগিক স্বরধ্বনি?
- A. এ, ঐ B. ও, ঔ C. উ, ঊ D. ঐ, ঔ

ব্যাখ্যা : • যৌগিক স্বরধ্বনি বা দ্বি-স্বরধ্বনি ২টি- ঐ, ঔ।

- অর্ধস্বরধ্বনি ২টি- অন্ত:স্থ 'য়' ও অন্ত:স্থ 'ব'।

Ans : D.

০৭. কোনটি ব্যতিহারিক সর্বনাম?
- A. পরস্পর পরস্পরকে সাহায্য করবে
B. যেমন কর্ম, তেমন ফল
C. যে জ্ঞানী, সে সুখী D. কেউ কেউ ঘটনাটা জানবেন

ব্যাখ্যা : • পুরুষবাচক বা ব্যক্তিবাচক সর্বনাম- আমি, আমরা, তুমি, তোমরা।

- আত্মবাচক সর্বনাম- আপনি, স্বয়ং, নিজ, নিজে।
- সামীপ্যবাচক সর্বনাম- এ, এই, এরা, ইহারা।
- দূরত্ববাচক সর্বনাম- ঐ, ঐসব, সব, উহা, উনি।
- সাফল্যবাচক সর্বনাম- সব, সকল, সমুদয়, তাবৎ।
- প্রশ্নবাচক- কে, কি, কী।

- অনির্দিষ্টতাজ্ঞাপক সর্বনাম- কোন, কেহ, কেউ।
- ব্যতিহারিক সর্বনাম- আপনা, আপনি, নিজে নিজে, পরস্পর।
- সাপেক্ষ সর্বনাম- যে, যিনি, যারা, যাহারা।

Ans : A.

০৮. কোনটি সংখ্যাবাচক বিশেষণ?
- A. হাজার লোক B. সপ্তদশ জনাদিন
C. আড়াই হাজার D. দুই কিলোমিটার রাস্তা

ব্যাখ্যা : বিভিন্ন প্রকার বিশেষণ-

- রূপবাচক - সবুজ মাঠ, নীল আকাশ।
- গুণবাচক - চৌকস লোক, ঠাণ্ডা হাওয়া।
- অবস্থাবাচক - তাজা মাছ, খোঁড়া পা।
- সংখ্যাবাচক - হাজার লোক, দশ টাকা।
- ক্রমবাচক - দশম শ্রেণী, সত্তর পৃষ্ঠা।
- পরিমাণবাচক - এক কেজি চাল, বিঘাটেক জমি।
- অংশবাচক - অর্ধেক সম্পত্তি, সিকি পথ।
- উপাদানবাচক - বেলে মাটি, পাথুরে মূর্তি।
- প্রশ্নবাচক - কত দূর পথ, কেমন অবস্থা।
- নির্দিষ্টতাবাচক - এই লোক, সেই ছেলে।

Ans : A.

০৯. 'কুলীন' শব্দটির বিপরীত শব্দ কোনটি?
- A. বদান্য B. পারত্রিক C. দারিদ্র্য D. অভ্যাজ

ব্যাখ্যা :

শব্দ	বিপরীত শব্দ	শব্দ	বিপরীত শব্দ
কৃষ্ণ	শুভ্র, ধবল, শুভ্র	কুলীন	অভ্যাজ
কালোয়াত	তালকানা	খরা	বাদল
ক্ষীণ	পুষ্ট	জঙ্গম	স্থাবর
কুঞ্জন	প্রসারণ	জরা	যৌবন
ক্ষীয়মান	বর্ধমান	ঘাত	প্রতিঘাত

Ans : D.

১০. 'স্বর্ণ' শব্দটির সমার্থক শব্দ কোনটি?
- A. হেম B. সবিতা C. ভানু D. পাপি

ব্যাখ্যা : স্বর্ণ- সুবর্ণ, কাঞ্চন, কনক, হেম, হিরণ, কর্বুর।

Ans : A.

Read the paragraph and answer the following questions (11-25)

The cinematographer is among the most important creative people in the production of a film. He (in a notoriously male-centric industry, there have been few women cinematographers, though recently their numbers are growing) handles the lighting, chooses the appropriate lenses and film stock, decides on all the elements that determine the size of the image, its special qualities, density, color values or grayscale that will result in an image appearing first on the film stock and finally on the screen when the light of the projector is focused through it, in many instance, a cinematographer exercise extraordinary' creative license, expanding upon what the producer or director wants to see on film. Generally, directors and cinematographers remain together as a team. This is more usual in Europe and in the post-audio period in American filmmaking, where it is less likely that individuals will be assigned to a film and more likely that winter, director and producer will

choose whom they want to work with. Alfred Hitchcock worked with one cinematographer, Robert Burks, on twelve films Hitchcock, who predetermined the structure of every shot before filming ever began, needed a cinematographer he could depend upon to accurately interpret his instruction Carlo Di Palma, who photographed two other Italian director Michelangelo Antoine's extraordinary color films, Red Desert (1964) and Blown- Up (1966), has worked with Woody Allen on most of his films since the late eighties.

11. According to this paragraph, women are less likely to be working as cinematographer.

- A. false B. not given in the paragraph
C. true D. I don't know

ব্যাখ্যা : Passage এ উল্লেখ আছে There have been few women Cinematographers. Few শব্দের অর্থ নেই বললেই চলে যা Negative অর্থ প্রদান করে তাই প্রশ্নটি শুদ্ধ।

Ans : C.

12. Hitchcock is a director who didn't depend on a cinematographer

- A. unsure B. false C. true D. may be

ব্যাখ্যা : Passage এ বলা আছে Alfred Hitchcock worked with one cinematographer whose name is Robert Barks (আলফ্রেড Hitchcock একজন Cinematographer এর সাথে কাজ করত যার নাম Robert Burks) তাই প্রশ্নটি সঠিক নয়। এজন্য সঠিক উত্তর False.

Ans : B.

13. "Male centric" in the paragraph means _____

- A. patriarchy B. dominated by men
C. patriolocal D. dominated by women

ব্যাখ্যা : Male Centric - Dominated by Man

অর্থাৎ যেখানে পুরুষ দ্বারা নিয়ন্ত্রণ করা হয় তাই সঠিক উত্তর B.

Ans : B.

14. Directors and cinematographers work as a team

- A. in America B. all, except America
C. in American and Europe
D. in American and Russia

ব্যাখ্যা : Generally, Directors & Cinematographers remain together as a team. This is more usual in Europe and in the post audio period in America Filmmaking. Passage এর লাইন থেকেই বুঝা যায় যে, Directors & Cinematographers work as a team in America & Europe.

Ans : C.

15. Which one of the following is correct?

- A. The paragraph is about filmmaking
B. The paragraph discusses the role of actors in a film
C. The paragraphs is about American film making
D. The paragraph discusses the role of a cinematographer in a film

ব্যাখ্যা: Passage এর ১ম লাইন The cinematographer is among the most important creative people in the production of a film. এই লাইনটি থেকে বুঝা যায় যে এই Paragraph টিতে role of a cinematographer in a film নিয়ে বলা হয়েছে।

Ans : D.

Select the letter pair that best expresses a relationship similar to the original (16-17):

16. Carpenter: Saw

- A. stenographer : typewriter B. painter : brush
C. lawyer : brief D. seamstress : scissors

ব্যাখ্যা : কাঠমিস্ত্রী (Carpenter) করাত (Saw) দিয়ে কাজ করে একই ভাবে শটহ্যাডলেখক (Stenographer) টাইপরাইটার (Typewriter) দিয়ে কাজ করে।

Ans : A.

17. Naive: Ingénue

- A. ordinary : genius B. venerable : celebrity
C. urbane : sophisticate D. crafty : artisan

ব্যাখ্যা : Synonym দিয়ে Analogy করা হয়েছে-

- Naive (সহজ / সরল) : Ingénue (সরল)
- Ordinary - (সহজাত) : Genius (সহজাত প্রতিভাবান)

Ans : A.

Choose the correct word that best completes the sentence (18-49):

18. Most of the settlement that grew up near the logging camps were _____ affairs, thrown together in a hurry because people needed to live on the job.

- A. protracted B. unobtrusive
C. nomadic D. ramshackle

ব্যাখ্যা : Protracted - দীর্ঘায়িত Unobtrusive - বিচক্ষণ
Nomadic - যাযাবর Ramshackle - জীর্ণ।

চাকুরীজীবী লোকজন যারা ক্যাম্পের আশেপাশে থাকে তারা সাধারণত সেখানে স্থায়ীভাবে থাকে না। এজন্য এদেরকে Nomadic (যাযাবর) বলা হয়ে থাকে।

Ans : C.

19. Her _____ is always a source of irritation : she never uses a single word when she can substitute a long clause or phrase in its place

- A. frivolity B. verbosity
C. ambivalence D. rhetoric

ব্যাখ্যা : Verbosity- শব্দ ব্যবহার Frivolity- ছেলেমানুষি
Ambivalence- বিরোধ Rhetoric- অলঙ্কারশাস্ত্র

তার অতিরিক্ত শব্দ ব্যবহার (Verbosity) সবসময় বিরক্তি তৈরি করে কারণ সে ছোট শব্দের পরিবর্তে অনেক বড় বাক্য ব্যবহার করে।

Ans : B.

Choose the underlined word or phrase that is incorrect/ must be changed in order for the sentence to be correct (20-21)

20. The youth scholarship program that has been agreed with by the members of board will go into effect at the beginning of next year.

- A. that B. agreed with
C. will go D. effect

ব্যাখ্যা : Agree with- কারো সাথে একমত হওয়া।

Agree on / About- কোনো নির্দিষ্ট বিষয়ে একমত হওয়া।

Agree to - কোন প্রস্তাবে রাজি হওয়া।

Ans : B.

21. The two lawyers interpreted the statue differently and they needed a judge to settle its dispute.
A. interpreted B. differently C. and D. its

ব্যাখ্যা: এখানে its দ্বারা বুঝানো হচ্ছে statue কে কিন্তু Lawyer (Plural) দের Judge প্রয়োজন তাদের বিরোধ নিষ্পত্তি করার জন্য। তাই এখানে its ব্যবহার না করে their ব্যবহার করতে হবে।

Ans : D.

Choose the best alternative that expresses the meaning of the original sentence (22-23)

22. By the time we arrived in Italy, we have traveled through four countries.

- A. we had traveled through four countries
B. we will have traveled through four countries
C. four countries will have been traveled through
D. we through four countries shall have traveled

Ans : A.

23. I have discovered that the subways in New York are as clean as any other city I have visited.

- A. as clean as those in other city I have visited
B. as clean as those in any city I have visited
C. cleaner than any city I have visited
D. cleaner than any other city I visited

ব্যাখ্যা : আমি এ পর্যন্ত যতগুলো Subway তে visit করেছি, সেসব Subway এর চাইতে Clean এরূপ বুঝাতে অপশন (D) Perfect.

Ans : D.

24. Perturb is the most nearly similar meaning to

- A. pretend B. agitate C. tutor D. arrive

ব্যাখ্যা : Perturb - রাগিয়ে দেওয়া / উত্তেজিত করা।
Pretend - ভান করা।
Agitate - উত্তেজিত করা।

Synonym: Resent, Distract, Agitate, Distress
Ans : B.

25. Revere is the nearly opposite meaning to-

- A. accept B. convert C. vilify D. consider

ব্যাখ্যা : Revere - পূজা করা / শ্রদ্ধা করা।

Synonym - Adore, Worship, Idolize, Glorify
Antonym - Vilify, Condemn, Denounce, Defame
Ans : C.

সাধারণ গণিত

26. $f(x) = x^3 - 4x^2 + 3$ হলে, $f(-1) =$ কত?

- A. -1 B. -2 C. 1 D. 0

ব্যাখ্যা : $f(x) = x^3 - 4x^2 + 3$

$$\Rightarrow f(-1) = (-1)^3 - 4(-1)^2 + 3 = -2$$

Ans : B.

27. পরপর তিনটি সংখ্যার গুণফল ২৪ হলে, তাদের যোগফল হবে

- A. ৯ B. ১২ C. ১৪ D. ১৫

ব্যাখ্যা : গুণফল, $২৪ = ১ \times ২ \times ১২ = ১ \times ২ \times ৩ \times ৪ = ২ \times ৩ \times ৪$
যোগফল = $২ + ৩ + ৪ = ৯$

Ans : A.

28. $a^2 - \sqrt{3}a + 1 = 0$ হলে, $a^3 + \frac{1}{a^3} =$ কত?

- A. 1 B. $\sqrt{3}$ C. 0 D. -1

ব্যাখ্যা : $a^2 - \sqrt{3}a + 1 = 0 \Rightarrow a^2 + 1 = \sqrt{3}a$

$$\Rightarrow \frac{a^2 + 1}{a} = \sqrt{3} \Rightarrow a + \frac{1}{a} = \sqrt{3} \Rightarrow \left(a + \frac{1}{a}\right)^3 = (\sqrt{3})^3$$

$$\Rightarrow a^3 + \frac{1}{a^3} + 3\sqrt{3} = 3\sqrt{3} \left[a + \frac{1}{a} = \sqrt{3} \text{ বসিয়ে} \right] \Rightarrow a^3 + \frac{1}{a^3} = 0$$

Ans : C.

29. $(\sqrt{3} \cdot \sqrt{5})^4$ এর মান কত?

- A. ২২৫ B. ১৫০ C. ৬০ D. উপরের কোনটিই নয়

ব্যাখ্যা : $(\sqrt{3} \cdot \sqrt{5})^4 = (\sqrt{3 \times 5})^4 = (\sqrt{15})^4 = (15)^2 = 225$

Ans : A.

30. কাপড়ের মূল্য ২০% কমে গেলে কাপড়ের ব্যবহার শতকরা কি পরিমাণ বাড়ালে কাপড়ের জন্য খরচের কোন পরিবর্তন হবে না?

- A. ১৫% B. ২০% C. ২৫% D. ৩০%

ব্যাখ্যা: মূল্য ২০% কমে যাওয়া মানে ৮০ টাকায় ১০০ টাকার জিনিস পাওয়া যাবে। অর্থাৎ,

বর্তমানে ৮০ টাকায় পূর্বের ১০০ টাকার কাপড়

বর্তমানে ১ টাকায় পূর্বের $\frac{১০০}{৮০}$ টাকার কাপড়

বর্তমানে ১০০ টাকায় পূর্বের $\frac{১০০ \times ১০০}{৮০}$ টাকার কাপড় $\Rightarrow ১২৫$ টাকার কাপড়

\therefore ব্যবহার বাড়ানো শতকরা যাবে $(১২৫ - ১০০)$ টাকার $\Rightarrow ২৫$ টাকার সহজ শর্তে মনে রাখার উপায় :

দাম কমবে	ব্যবহার বাড়বে
১৬.৬৭%	২০%
২০%	২৫%
২৫%	৩৩.৩৩%

Ans : C.

31. $2a - [2a - \{a - (a - 1)\}] = ?$

- A. -1 B. 2a C. 1 D. 2a - 1

ব্যাখ্যা : $2a - [2a - \{a - (a - 1)\}] = 2a - [2a - \{a - a + 1\}]$
 $= 2a - [2a - 1] = 2a - 2a + 1 = 1$

Ans : C.

32. n এর কোন ধনাত্মক মানের জন্য n সংখ্যক স্বাভাবিক সংখ্যার ঘনের সমষ্টি ১০০ হবে?

- A. ৪ B. -৪ C. ৫ D. -৫

ব্যাখ্যা : সূত্র: i) n সংখ্যক স্বাভাবিক সংখ্যার সমষ্টি = $\frac{n(n+1)}{2}$

অর্থাৎ, $1 + 2 + 3 + \dots + n = \frac{n(n+1)}{2}$

ii) n সংখ্যক স্বাভাবিক সংখ্যার বর্গের সমষ্টি = $\frac{n(n+1)(2n+1)}{6}$

অর্থাৎ, $1^2 + 2^2 + 3^2 + \dots + n^2 = \frac{n(n+1)(2n+1)}{6}$

iii) n সংখ্যক স্বাভাবিক সংখ্যার ঘনের সমষ্টি = $\left\{ \frac{n(n+1)}{2} \right\}^2$

অর্থাৎ, $1^3 + 2^3 + 3^3 + \dots + n^3 = \left\{ \frac{n(n+1)}{2} \right\}^2$

এখানে, option B এবং D গ্রহণযোগ্য নয়। কারণ n এর মান হতে হবে ধনাত্মক পূর্ণসংখ্যা।

option C এর n = 5, উপরের (iii) নং সূত্রের

$$\text{জানের } \left\{ \frac{n(n+1)}{2} \right\}^2 \text{ এ বসালে } \left\{ \frac{5(5+1)}{2} \right\}^2 = 225 \text{ হয়।}$$

$$\text{option A এর } n = 4 \text{ বসালে, } \left\{ \frac{4(4+1)}{2} \right\}^2 = 100 \text{ হয়।}$$

∴ option A সঠিক।

Ans : A.

৩৩. যদি A : B = 1 : 2 ; B : C = 4 : 3 এবং A + B + C = 630 হলে A এর মান কত?

- A. ৭০ B. ৮০
C. ১৪০ D. ১০০

ব্যাখ্যা : A : B = 1 : 2 এবং B : C = 4 : 3

উভয় অনুপাতে B রয়েছে। B এর মান সমান বানাতে 2 এবং 4 এর ল.সা.ও 4 বানাতে হবে। ১ম অনুপাতকে ২ দ্বারা গুণ করলেই হবে।

$$A : B = 1 : 2 = (1 : 2) \times 2 = 2 : 4 \text{ এবং } B : C = 4 : 3$$

$$A : B : C = 2 : 4 : 3$$

$$\text{অনুপাতত্রয়ের সমষ্টি} = 2 + 4 + 3 = 9$$

$$\therefore A \text{ এর অংশ বা মান} = (630 \text{ এর } \frac{2}{9}) = (630 \times \frac{2}{9}) = 140$$

Ans : C.

৩৪. $\tan \theta \sqrt{1 - \sin^2 \theta}$ এর মান কত?

- A. 1 B. $\sin \theta$ C. $\cos \theta$ D. $\tan \theta$

$$\begin{aligned} \text{ব্যাখ্যা : } \tan \theta \sqrt{1 - \sin^2 \theta} &= \tan \theta \times \sqrt{\cos^2 \theta} \\ &= \tan \theta \times \cos \theta = \frac{\sin \theta}{\cos \theta} \times \cos \theta = \sin \theta \end{aligned}$$

Ans : B.

৩৫. ৪ সে.মি. উচ্চতা বিশিষ্ট একটি সমবৃত্ত ভূমিক কোণের ভূমির ব্যাসার্ধ ৩ সে.মি. হলে, এর হেলানো তলের ক্ষেত্রফল কত বর্গ সে.মি.?

- A. ৩৭.৬৯ B. ৪৭.১২
C. ১১৩.০৯ D. ৭৫.৩৯

ব্যাখ্যা : সূত্র: সমবৃত্তভূমিক কোণের উচ্চতা = h, ব্যাসার্ধ = r এবং হেলানো

$$\text{দৈর্ঘ্য} = l \text{ হলে, } l = \sqrt{h^2 + r^2} \text{ এবং হেলানো তলের ক্ষেত্রফল} = \pi r l$$

$$\text{এখানে, } l = \sqrt{3^2 + 4^2} = 5 \text{ সে.মি}$$

$$\begin{aligned} \text{এবং হেলানো তলের ক্ষেত্রফল} &= (3.1416 \times 3 \times 5) \text{ বর্গ সে.মি.} \\ &= 47.12 \text{ বর্গ সে.মি.} \end{aligned}$$

Ans : B.

৩৬. একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত ৩ : ৪ : ৫, বৃহত্তম কোণ কোনটি?

- A. 45° B. 60° C. 75° D. 60°

ব্যাখ্যা : অনুপাতত্রয়ের যোগফল = 3 + 4 + 5 = 12

ত্রিভুজের ৩ কোণের যোগফল 180°।

অনুপাতত্রয়ের মধ্যে বৃহত্তম সংখ্যা 5।

$$\therefore \text{বৃহত্তম কোণ} = (180 \text{ এর } \frac{5}{12}) = \left(180 \times \frac{5}{12} \right) = 75^\circ$$

Ans : C.

৩৭. নিচের তথ্যগুলো লক্ষ্য করি এবং সত্যতা নিরূপন করি

- বৃত্তের একই চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের সমান।
 - বৃত্তের একই চাপের উপর দণ্ডায়মান বৃত্তস্থ কোণ কেন্দ্রস্থ কোণের অর্ধেক।
 - বৃত্তের একই চাপের উপর দণ্ডায়মান কেন্দ্রস্থ কোণ বৃত্তস্থ কোণের দ্বিগুণ।
- A. ১ম ও ২য় B. ১ম ও ৩য়
C. ২য় ও ৩য় D. ৩য়

ব্যাখ্যা : O কেন্দ্র বিশিষ্ট ABC বৃত্তে $\angle AOB =$ কেন্দ্রস্থ কোণ,
 $\angle ACB =$ বৃত্তস্থ কোণ।

$$\angle AOB = 2\angle ACB$$

$$\Rightarrow \text{কেন্দ্রস্থ কোণ} = 2 \times \text{বৃত্তস্থ কোণ}$$

$$\Rightarrow \frac{1}{2} \text{ কেন্দ্রস্থ কোণ} = \text{বৃত্তস্থ কোণ}$$



প্রদত্ত ৩টি উক্তির মধ্যে ২য় এবং ৩য় টি উপরোক্ত ২টি শর্তে দেখানো হয়েছে। এরা একই শর্ত, কেবল সংখ্যার পার্থ পরিবর্তন হয়েছে।

Ans : C.


৩৮. একটি বাড়ি ৪০ ফুট উঁচু। একটি মইয়ের তলদেশ মাটিতে বাড়ির দেয়াল থেকে ৯ ফুট দূরে রাখা। উপরে মইটি বাড়ির ছাদ ছুয়ে আছে। মইটি কত ফুট লম্বা?

- A. ৪৮ B. ৪১ C. ৪৪ D. ৪৩

ব্যাখ্যা : AB = বাড়ির উচ্চতা = 40

$$BC = \text{তলদেশে মইয়ের দূরত্ব} = 9$$

$$\text{মইয়ের দৈর্ঘ্য, } AC = \sqrt{40^2 + 9^2} = \sqrt{1681} = 41$$



Ans : B.

৩৯. ১২০° কোণে সম্পূরক কোণ কত?

- A. ২৪০° B. ৬০° C. ৩৬০° D. ১০০°

ব্যাখ্যা : ২টি কোণের যোগফল ১৮০° হলে, তারা পরস্পরের সম্পূরক কোণ এবং ৯০° হলে, তারা পরস্পরের পূরক কোণ।

$$\therefore ১২০^\circ \text{ এর সম্পূরক কোণ} = (১৮০ - ১২০) = ৬০^\circ$$

Ans : B.


৪০. একটি সমবাহু ত্রিভুজের যেকোন বাহুকে উভয়দিকে বর্ধিত করলে দুটি বহিঃস্থ কোণ উৎপন্ন হয়, তাদের সমষ্টি কত?

- A. ১২০° B. ৬০° C. ২৪০° D. ৩৬০°

ব্যাখ্যা : সমবাহু ত্রিভুজের প্রত্যেক বাহু সমান এবং প্রত্যেক কোণ ৬০°। এখানে, BC বাহুকে বর্ধিত করায় যে বহিঃস্থ কোণ উৎপন্ন হল তা অস্তঃস্থ কোণ এর সম্পূরক কোণ।

তাই, ঐ কোণগুলো $(১৮০ - ৬০) = ১২০^\circ$ করে।

এরকম ২টি কোণের সমষ্টি ২৪০°।



Ans : C.

সাধারণ জ্ঞান

৪১. বাংলাদেশের সর্বশেষ অর্থনৈতিক জমারি অনুষ্ঠিত হয়?

- A. ৩১ মার্চ - ৩১ মে, ১৩ B. ১ এপ্রিল - ৩ মে, ১৩
C. ৩ মার্চ - ৩ মে, ১৪ D. ১ এপ্রিল - ৩ মে, ১৪

ব্যাখ্যা : • সর্বশেষ অর্থনৈতিক জমারি অনুষ্ঠিত হয়, ৩১ মার্চ - ৩১ মে ২০১৩।
• এটি তৃতীয় অর্থনৈতিক জমারি।

• বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (BBS) কর্তৃক কৃষিবহির্ভূত এই অর্থনৈতিক জমারি হয়েছিল।

Ans : A.

৪২. GSP এর পূর্ণরূপ কি?

- A. Growth and Stability Pact
B. Generalized System of Preferences
C. Global Security Program
D. Gross State Product

ব্যাখ্যা : অর্থনীতির সাথে সম্পর্কিত শব্দের পূর্ণরূপ-

CEA	Council of Economic Advisors	FY	Fiscal Year
CPI	Consumer Price Index	IPO	Initial Public Offering
CSR	Corporate Social Responsibility	MGDs	Millennium Development Goals
FDI	Foreign Direct Investment	IMF	International Monetary Fund
FTA	Free Trade Area	GSP	Generalized System of Preference
GAAT	General Agreement on Tariffs and Trade	BBB	Better Business Bureau

Ans : B

৪৩. তৈরী পোশাক রপ্তানিতে বাংলাদেশের অবস্থান

- A. ১ম B. ৩য় C. ৫ম D. ৭ম

ব্যাখ্যা : • তৈরি পোশাক রপ্তানিতে বাংলাদেশ - ৩য় (প্রথম চীন, ২য় ভিয়েতনাম)

- বাংলাদেশের শীর্ষরপ্তানি পণ্য - তৈরি পোশাক।
- নিটওয়্যার (Knitwear) রপ্তানিতে বিশ্বে বাংলাদেশ - তৃতীয় (প্রথম - চীন, ২য় - তুরস্ক)

Ans : B. (উদ্ভূত পরিবর্তনশীল)

৪৪. বাংলাদেশের তৈরী পোশাকের বৃহত্তম বাজার কোন দেশ?

- A. জাপান B. যুক্তরাষ্ট্র C. যুক্তরাজ্য D. চীন

ব্যাখ্যা : • বাংলাদেশ সর্বাধিক পণ্য রপ্তানি করে - মার্কিন যুক্তরাষ্ট্রে।

- বাংলাদেশ সর্বাধিক আমদানি করে - চীন থেকে।
- বাংলাদেশ থেকে তৈরি পোশাক রপ্তানি শুরু হয় - ১৯৭৮ সালে।
- রপ্তানি খাতগুলোর মধ্য থেকে বাংলাদেশ তৈরি পোশাক রপ্তানি করে সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা আয় করে।

Ans : B

৪৫. বাংলাদেশের সীমান্তবর্তী জেলা কয়টি?

- A. ২৯ B. ৩০ C. ৩১ D. ৩২

ব্যাখ্যা : • বাংলাদেশের মোট সীমান্তবর্তী জেলা - ৩২টি।

- ভারতের সাথে বাংলাদেশের সীমান্তবর্তী জেলা - ৩০টি।
- মিয়ানমারের সাথে বাংলাদেশের সীমান্তবর্তী জেলা - ৩টি। (রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি)
- ভারত ও মায়ানমারের উভয়ের সাথে সীমান্তবর্তী জেলা - রাঙ্গামাটি।
- বরিশাল বিভাগের সাথে ভারতের কোন সীমান্ত সংযোগ নেই।

Ans : D.

৪৬. কর্ণফুলী নদী পূর্ব থেকে পশ্চিম দিকে প্রবাহিত হয়েছে কেন?

- A. পশ্চিমে বঙ্গোপসাগরের অবস্থানের কারণে
B. পূর্বে পাহাড়ী ভূমিতে উৎপত্তির কারণে
C. ক ও খ দুটিই
D. উপরের কোনটিই নয়

ব্যাখ্যা : বাংলাদেশের কয়েকটি নদীর উৎপত্তিস্থল-

নদ-নদী	উৎপত্তিস্থল
পদ্মা (গঙ্গা)	হিমালয় পর্বতের গঙ্গোত্রী হিমবাহ
ব্রহ্মপুত্র, যমুনা	তিব্বতের কৈলাসশৃঙ্গের মানস সরোবর হ্রদ
মেঘনা	আসামের নাগা মনিপুর পাহাড়ের দক্ষিণে লুসাই পাহাড়
কর্ণফুলী	ভারতের মিজোরাম রাজ্যের লুসাই পাহাড়
সাপু	মিয়ানমার-বাংলাদেশ সীমানার আরাকান পর্বত
করতোয়া	সিকিমের পার্বত্য অঞ্চল
হালদা	খাগড়াছড়ির বাদনাতলী পর্বতশৃঙ্গ
ফেনী	খাগড়াছড়ির পার্বত্য এলাকা
তিস্তা	সিকিমের পার্বত্য অঞ্চল
সুরমা	নাগামনিপুর পাহাড়ের দক্ষিণাংশ

• কর্ণফুলী নদী ভারতের মিজোরাম রাজ্যের লুসাই পাহাড় থেকে উৎপত্তি হয়ে চট্টগ্রাম জেলার মধ্য দিয়ে বঙ্গোপসাগরে পতিত হয়েছে।

Ans : B.

৪৭. তিস্তা নদী যমুনা নদীর সাপেক্ষে একটি

- A. শাখা নদী B. উপনদী
C. ক ও খ দুটিই D. উপরের কোনটিই নয়

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ নদীর শাখা ও উপনদী-

নদীর নাম	শাখা নদী	উপনদী
পদ্মা	কুমার, মাথা ভাঙ্গা, গড়াই, বড়াল, ভৈরব	মহানন্দা, কপোতাক্ষ, পূনর্ভবা
যমুনা	ধলেশ্বরী	করতোয়া, আত্রাই, তিস্তা, ধরলা
ব্রহ্মপুত্র	বংশী, শীতলক্ষ্যা, বানার, শ্রীকালী	তিস্তা, ধরলা, দুধকুমার, করতোয়া, আত্রাই
মাথাভাঙ্গা	চিত্রা, নবগঙ্গা, কুমার	
ধলেশ্বরী	বুড়ি গঙ্গা	
কর্ণফুলী		হালদা, বোয়ালখালী, কাসালং, সাহনী

Ans : B.

৪৮. বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের পাহাড়সমূহ কবে সৃষ্টি হয়েছে?

- A. হলোসিন যুগে B. মায়োসিন যুগে
C. প্রায়োস্টোসিন যুগে D. টারশিয়্যারী যুগে

ব্যাখ্যা : ভূ-প্রকৃতি অনুসারে বাংলাদেশকে ৩ ভাগে ভাগ করা হয়েছে-

১. টারশিয়্যারী যুগের পাহাড় সমূহ
২. প্রায়োস্টোসিন কালের সোপান সমূহ
৩. সাম্প্রতিক কালের প্রাবন সমভূমি

• দক্ষিণ পূর্বাঞ্চলের পাহাড়সমূহ- রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, চট্টগ্রাম ও কক্সবাজার জেলায় অবস্থিত।

- বাংলাদেশের পাহাড় শ্রেণির ভূমিরূপ- টারশিয়্যারী যুগের।
- টারশিয়্যারী যুগের পাহাড় সমূহ- বেলে পাথর, শেল ও কর্দম দ্বারা তৈরি।

Ans : D

৪৯. 'প্রজাতন্ত্রের রাষ্ট্রধর্ম ইসলাম' বাংলাদেশের সংবিধানের কত অনুচ্ছেদে বলা হয়েছে?

- A. ২ (ক) B. ৪ (ক)
C. ২৮ (২) D. ৫ (গ)

ব্যাখ্যা : বাংলাদেশের সংবিধানের গুরুত্বপূর্ণ অনুচ্ছেদ সমূহ-

বিষয়	অনুচ্ছেদ
রাষ্ট্র ধর্ম	২(ক)
রাষ্ট্র ভাষা	৩
জাতীয় সঙ্গীত, পতাকা ও প্রতীক	৪

শিক্ষার সবকিছু দাঁতশালায়

নাগরকিডু	৬
গনতন্ত্র ও মানবাধিকার	১১
শিক্ষার অধিকার	১৭
নির্বাহী বিভাগ হাত বিচার বিভাগের পৃথকীকরণ	২২
আইনের দৃষ্টিতে সমতা	২৭
নারী পুরুষের সমান অধিকার	২৮
আইনের আশ্রয় লাভের অধিকার	৩১
চিন্তা ও বিবেকের স্বাধীনতা	৩৯ (১)
পেশা ও বৃত্তির স্বাধীনতা	৪০
ধর্মীয় স্বাধীনতা	৪১
মৌলিক অধিকার বলবৎকরণ	৪৪
যুদ্ধপরাধ সহ কতিপয় আইন	৪৭
রাষ্ট্রপতি ক্ষমা প্রদর্শন করার অধিকার	৪৯
রাষ্ট্রপতি কর্তৃক প্রধানমন্ত্রী নিয়োগ	৫৬(৩)
তত্ত্বাবধায়ক সরকার	৫৮ (ক-ঙ)
অ্যাটর্নি জেনারেল	৬৪
ফ্রোর ক্রসিং	৭০
ন্যায়পাল	৭৭
সুপ্রীম কোর্ট গঠন	৯৪
রাষ্ট্রপতি কর্তৃক প্রধান বিচারপতি	৯৫(১)
নির্বাচন কমিশন	১১৮
মহাহিসাব নিরীক্ষক	১২৭
সরকারী কর্ম কমিশন	১৩৭
জরুরী অবস্থা ঘোষণা	১৪১

Ans : A.

৫০. বাংলাদেশের সংবিধানের ত্রয়োদশ সংশোধনীর প্রধান বৈশিষ্ট্য হলো
- সংসদীয় পদ্ধতির সরকার প্রবর্তন
 - নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার গঠন
 - তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিলকরণ
 - সংসদে সংরক্ষিত নারী আসন বৃদ্ধি

ব্যাখ্যা : সংবিধান সংশোধন সম্পর্কে বিস্তারিত-

সংশোধনী	তারিখ	বিষয়বস্তু
১ম	১৫ জুলাই, ১৯৭৩	যুদ্ধাপরাধীদের বিচার
২য়	২০ সেপ্টেম্বর, ১৯৭৩	জরুরী অবস্থার বিধান
৩য়	২৩ নভেম্বর, ১৯৭৪	বেঙ্গলবাড়ি হস্তান্তর
৮ম	৭ জুন, ১৯৮৮	রাষ্ট্রে হিসেবে ইসলাম স্বীকৃতি। Dacca থেকে Dhaka এবং Bangali থেকে Bangla করা হয়।
৯ম	১০ জুলাই, ১৯৮৯	রাষ্ট্রপতি ও উপরাষ্ট্রপতি পদে একই সাথে নির্বাচন এবং রাষ্ট্রপতির মেয়াদ সীমিত করণ।
১২ তম	৬ আগস্ট, ১৯৯১	সংসদীয় সরকার ব্যবস্থা পুনরায় প্রবর্তন
১৩ তম	২৭ মার্চ, ১৯৯৬	তত্ত্বাবধায়ক সরকার গঠন প্রসঙ্গ
১৪ তম	১৬ মে, ২০০৪	নারীদের জন্য ৪৫ টি আসন সংরক্ষণ প্রধান বিচারপতির বয়স সীমা ৬৭ বছরে উন্নীতকরণ রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর প্রতিকৃতি সংরক্ষণসহ আরও ৭ টি বিষয়।
১৫ তম	৩০ জুন, ২০১১	তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল, ৭২ সংবিধানের মূলনীতি বহাল। সংরক্ষিত মহিলা আসন - ৫০ টি রাজনৈতিক সরকারের অধীনে নির্বাচন রাষ্ট্রধর্ম ইসলাম ও বিসমিল্লাহ বহাল ও অন্যান্য ধর্মের সমান গুরুত্ব।
১৬ তম	১৭ সেপ্টেম্বর, ২০১৪	বিচারপতিদের অভিশংসন বা অপসারণ ক্ষমতা জাতীয় সংসদের উপর অর্পণ।

Ans : B.

৫১. বাংলাদেশের রাষ্ট্রপতিকে শপথ বাক্য পাঠ করান
- প্রধান বিচারপতি
 - স্পীকার
 - প্রধানমন্ত্রী
 - সংসদ সদস্য

ব্যাখ্যা : শপথ বাক্য পাঠদানকারী :-

শপথ পাঠদানকারী	শপথ গ্রহণকারী
রাষ্ট্রপতি	প্রধানমন্ত্রী ও মন্ত্রী পরিষদ, স্পিকার ও ডেপুটি স্পিকার, প্রধান বিচারপতি
স্পিকার	রাষ্ট্রপতি (পঞ্চদশ সংশোধনীর পূর্বে ছিল প্রধান বিচারপতি)
প্রধান বিচারপতি	প্রধান নির্বাচন কমিশনার ও কমিশনারবৃন্দ, মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক

Ans : B.

৫২. মৌলিক অধিকার সংক্রান্ত বিধিমালা প্রদান করা হয়েছে বাংলাদেশের সংবিধানের কোন ভাগে?
- দ্বিতীয়
 - তৃতীয়
 - চতুর্থ
 - পঞ্চম

ব্যাখ্যা : সংবিধানের বিভাগ ও বিষয়বস্তু-

ভাগ	বিষয়বস্তু	ভাগ	বিষয়বস্তু
প্রথম ভাগ	প্রজাতন্ত্র	সপ্তম ভাগ	নির্বাচন
দ্বিতীয় ভাগ	রাষ্ট্র পরিচালনার মূলনীতি	অষ্টম ভাগ	মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক
তৃতীয় ভাগ	মৌলিক অধিকার	নবম ভাগ	বাংলাদেশের কর্মবিভাগ ও জরুরী বিধানাবলী
চতুর্থ ভাগ	নির্বাহী বিভাগ	দশম ভাগ	সংবিধান-সংশোধন
পঞ্চম ভাগ	আইনসভা	একাদশ ভাগ	বিবিধ
ষষ্ঠ ভাগ	বিচার বিভাগ		

Ans : B.

৫৩. নীচের কোনটি অন্যগুলো থেকে আলাদা?
- মামা
 - খালু
 - চাচী
 - ফুপা

ব্যাখ্যা : এখানে 'চাচী' শব্দটি স্ত্রী লিঙ্গ এবং অন্য সবগুলো পুংলিঙ্গ।

Ans : C

৫৪. নীচের কোনটি অন্যগুলো থেকে আলাদা?
- করতাল
 - টোল
 - মন্দিরা
 - খোল

ব্যাখ্যা : এখানে 'টোল' বাকি রেখে অন্য গুলো বাদ্যযন্ত্র।

Ans : B

৫৫. নীচের কোনজন অন্যদের থেকে আলাদা?
- কার্ল মার্কস
 - সিগমন্ড ফ্রয়েড
 - যোসেফ স্ট্যালিন
 - ম্যাক্স ওয়েবার

ব্যাখ্যা : • যোসেফ স্ট্যালিন ছিলেন - রাশিয়ার প্রেসিডেন্ট (১৯২০ থেকে ১৯৫২ সাল পর্যন্ত)।

• অন্য সবাই সমাজ বিজ্ঞানী ছিলেন।

Ans : C

৫৬. নীচের কোনজন অন্যদের থেকে আলাদা?
- মুহাম্মদ ইউনুস
 - ফজলে হাসান আবেদ
 - অমর্ত্য সেন
 - রবীন্দ্রনাথ ঠাকুর

ব্যাখ্যা : এখানে মুহাম্মদ ইউনুস, ফজলে হাসান আবেদ, অমর্ত্য সেন অর্থনীতির সাথে জড়িত এবং রবীন্দ্রনাথ ঠাকুর সাহিত্যের সাথে জড়িত।

মুহাম্মদ ইউনুস এবং অমর্ত্য সেন, রবীন্দ্রনাথ ঠাকুর ৩জনই নোবেল বিজয়ী।

Ans : B (ভুলনামূলকভাবে সঠিক)

৫৭. বাংলাদেশকে একটি আকর্ষণীয় পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তুলতে সরকার কোন সালকে 'পর্যটন বর্ষ' হিসেবে ঘোষণা করেছে?
A. ২০১৫ B. ২০১৬ C. ২০১৭ D. ২০১৪

ব্যাখ্যা : • ঢাকা-বেইজিং ২০১৭ সালকে "ফ্রেন্ডশীপ ও এক্সচেঞ্জ" বর্ষ হিসেবে ঘোষণা করেছে।

• জাতিসংঘ ২০১৭ সালকে "উন্নয়নের জন্য টেকসই পর্যটন" বর্ষ হিসেবে ঘোষণা করেছে।

Ans : B

৫৮. পদ্মা সেতুর রেল যোগাযোগ স্থাপনের জন্য নিম্নের কোন নতুন স্টেশনটি প্রস্তাবিত হয়নি?
A. কোরানীগঞ্জ B. মাওরা C. শ্রীনগর D. নারায়নগঞ্জ

ব্যাখ্যা : • প্রথম পদ্মা-সেতুর (দেশের বৃহত্তম) সমীক্ষার কাজ শেষ করেছে JICA (Japan International Co-operation Agency)

• নির্মিত হচ্ছে - মাওয়া - জাজিরা পয়েন্ট।
• দৈর্ঘ্য - ৬.১৫ কি.মি., প্রস্থ - ১৮.১০ মিটার।
• লেন সংখ্যা - ৪, পাইলের সংখ্যা - ২৬৮ টি।
• দ্বিতীয় পদ্মা সেতু নির্মিত হবে - পাটুরিয়া গোয়ালন্দ পয়েন্টে (৬.১০ কি.মি)

Ans : B.

৫৯. 'টেকসই উন্নয়ন লক্ষ্য' এ কয়টি লক্ষ্য নির্ধারণ করা হয়েছে?
A. ১৬ B. ১৭
C. ১৮ D. ১৯

ব্যাখ্যা : • টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG - Sustainable Development Goals) গৃহীত হয় - ২৫ সেপ্টেম্বর, ২০১৫।

• লক্ষ্য - ১৭টি, সুনির্দিষ্ট উদ্দেশ্য - ১৬৯ টি।
• মেয়াদকাল ২০১৬ - ২০৩০।
• মূললক্ষ্য - দারিদ্র নির্মূল, ক্ষুধামুক্তি, সুস্বাস্থ্য ইত্যাদি।

Ans : B.

৬০. ঢাকার প্রথম ফ্লাইওভার প্রকল্প কোনটি?
A. খিলগাঁও B. মহাখালি
C. তেজগাঁও D. কুড়িল

ব্যাখ্যা : বাংলাদেশের ফ্লাইওভার-

ফ্লাইওভারের নাম	অবস্থান	দৈর্ঘ্য (কি.মি.)	উদ্বোধন
মেয়র মোহাম্মদ হানিফ (দীর্ঘতম)	যাত্রাবাড়ি-গুলিস্তান	১১.৮	১১ অক্টোবর, ২০১৩
এম.এ.মান্নান	চট্টগ্রাম	১.৩৭	১২ অক্টোবর, ২০১৩
মহাখালী (নির্মান সমাপ্তির দিক থেকে দেশের প্রথম)	মহাখালী, ঢাকা	১.০১২	৪ নভেম্বর, ২০০৪
খিলগাঁও (ভিত্তিপ্রস্তর স্থাপনের দিক থেকে দেশের প্রথম)	খিলগাঁও, ঢাকা	১.৯	২৩ মার্চ, ২০০৫
কুড়িল	কুড়িল, ঢাকা	৩.১	৪ আগস্ট, ২০১৩

Ans : A

৬১. জাতিসংঘের সর্বশেষ সদস্যরাষ্ট্র কোনটি?
A. ফিলিপিন B. দক্ষিণ সুদান
C. উরুগুয়ে D. ঘানা

ব্যাখ্যা : • পূর্ব আফ্রিকার রুটির ঝুড়ি নামে পরিচিত - দক্ষিণ সুদান।
• রাজধানী - জুবা (হোয়াইট নীল নদীর তীরে অবস্থিত)
• প্রথম গৃহযুদ্ধ - ১৯৫৫-৭২ সাল, দ্বিতীয় গৃহযুদ্ধ - ১৯৮৩-২০০৫ সাল।
• প্রথম স্বীকৃতি দেয় - সুদান (৮ জুলাই ২০১১ স্বীকৃতি দিলেও তা কার্যকর হয় - ৯ জুলাই)

• জাতিসংঘের সর্বশেষ (১৯৩তম) সদস্য রাষ্ট্র - দক্ষিণ সুদান (১৪ জুলাই, ২০১১)
Ans : B

৬২. সুশাসনের মূল বৈশিষ্ট্য হলো
A. স্বচ্ছতা ও জবাবদিহিতা B. রাজনৈতিক স্থিতিশীলতা
C. প্রশাসনিক দায়বদ্ধতা D. সামাজিক ন্যায়বিচার

ব্যাখ্যা : • গণতন্ত্র ছাড়া সুশাসন প্রতিষ্ঠা সম্ভব নয়।
• সুশাসনের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হচ্ছে - স্বচ্ছতা ও জবাবদিহিতা।
• সুশাসনের পূর্বশর্ত হল - জবাবদিহিতা।
• সুশাসনের মানদণ্ড - জনগণের সম্মতি ও সম্মতি।

Ans : A

৬৩. একটি রাজনৈতিক দলের প্রধান বৈশিষ্ট্য কোনটি?
A. মতাদর্শ B. সরকার গঠন C. জনগণ D. রাষ্ট্র নির্মাণ

ব্যাখ্যা : রাজনৈতিক দলের বৈশিষ্ট্য হলো হচ্ছে- রাজনৈতিক সংগঠন, সম-আদর্শে বিশ্বাসী, নিয়মতান্ত্রিক উপায়ে ক্ষমতা আরোহন, জনমতের প্রতি গুরুত্ব প্রদান, জাতীয় ও দলীয় স্বার্থ সংরক্ষণ।

Ans : A

৬৪. নেতৃত্বের কোন উপাদানটি সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ?
A. শিক্ষা B. সহনশীলতা C. অনুসারী D. জনপ্রিয়তা

ব্যাখ্যা : নেতৃত্বের আবশ্যিকীয় গুণাবলী হচ্ছে- ব্যক্তিত্ব, বুদ্ধিমত্তা, মানসিক ও দৈহিক সুস্থতা, অভিজ্ঞতা, সহনশীলতা, দূরদৃষ্টি শিক্ষা, বাগ্মিতা ও উত্তম শ্রোতা, নিরপেক্ষতা, ন্যায়পরায়ণতা, দায়িত্ববোধ, আত্মসংযম ইত্যাদি।

Ans : B

৬৫. বাংলাদেশের দক্ষিণ দিকে ভূ-ভাগ বৃদ্ধির সবচেয়ে যৌক্তিক কারণ কোনটি?
A. নদী বাহিত পলির সঞ্চয়ন B. সমুদ্র তলদেশের উচ্চতা বৃদ্ধি
C. জলবায়ু পরিবর্তন D. ভূ-তাত্ত্বিক গঠনের পরিবর্তন

ব্যাখ্যা : • সমুদ্রের পানির উচ্চতা বৃদ্ধি পেলে - নিম্নাঞ্চল তলিয়ে যায় এবং তলদেশের উচ্চতা বৃদ্ধি পেলে উপকূলের ভূ-ভাগ বৃদ্ধি পায়।
• বাংলাদেশে সমুদ্র সমতল থেকে সবচেয়ে উঁচুতে অবস্থিত - দিনাজপুর।
• গ্রিনহাউজ ইফেক্টের ফলে বঙ্গোপসাগরের পানির উচ্চতা বৃদ্ধির কারণে বাংলাদেশের নিম্নাঞ্চল (দক্ষিণ-পশ্চিমাংশ) তলিয়ে যেতে পারে।

Ans : B

বুদ্ধিমত্তা

৬৬. সকল দার্শনিক লম্বা দাড়ি রাখেন। কোন কোন দার্শনিক দয়ালু হয়ে থাকেন। সকল দয়ালু লম্বা দাড়ি রাখেন। যদি প্রথম দুটি বাক্য সত্য হয় তাহলে শেষেরটি
A. সত্য B. মিথ্যা
C. অনিরূপণযোগ্য D. তর্ক সাপেক্ষ

ব্যাখ্যা : "কোন কোন দার্শনিক দয়ালু হয়ে থাকেন" -এ কথা দ্বারা সহজেই বোঝা যায় দার্শনিকদের সবাই দয়ালু নয়। আবার, প্রত্যেক দয়ালু ব্যক্তি দার্শনিক নয়। অর্থাৎ, দার্শনিকের বাইরেও সেখানে অন্য লোক আছেন। তাই "সব দয়ালু লম্বা দাড়ি রাখেন" -এটি মিথ্যা, কারণ দার্শনিকরা লম্বা দাড়ি রাখেন এটা বলা আছে, বাকিদের টা নেই।

Ans : B.

৬৭. সাকিব আল হাসান রবিচন্দ্র অশ্বিনের চেয়ে ভালো অলরাউন্ডার আবার রবিচন্দ্র অশ্বিনের চেয়ে স্টুয়ার্ট ব্রড খারাপ অলরাউন্ডার। কিন্তু স্টুয়ার্ট ব্রড মোহাম্মদ হাফিজের চেয়ে ভালো অলরাউন্ডার। অতএব মোহাম্মদ হাফিজ সাকিব আল হাসানের চেয়ে খারাপ অলরাউন্ডার।
যদি প্রথম তিনটি বাক্য সত্য হয় তাহলে শেষেরটি
A. সত্য B. মিথ্যা
C. বলা সম্ভবপর পারেননা D. তর্ক সাপেক্ষ

ব্যাখ্যা : এখানে, ১ম ৩টি তুলনাকে সাজালে হয়-
সাকিব আল হাসান > রবিচন্দ্র অশ্বিন > স্টুয়ার্ট ব্রড > মোহাম্মদ হাফিজ।
এখানে, সর্বোচ্চ ভালো থেকে ক্রমান্বয়ে কমভালো সাজানো হয়েছে।
তাহলে, সাকিব আল হাসান অবশ্যই মোঃ হাফিজ থেকে ভাল। অর্থাৎ,
মোঃ হাফিজ, সাকিব এর চেয়ে খারাপ অলরাউন্ডার ; বাক্যটি সত্য।
Ans : A.

৬৮. বক্তব্য, কোন গৃহস্থ রান্না করতে পারেননা। কিছু গৃহস্থ ঝাড়ুদার। এ থেকে বোঝা যায়।
১। গৃহকর্মীরা রান্না করতে পারেন।
২। কিছু কিছু ঝাড়ুদার রান্না করতে পারেন।
A. কেবল ১নং সিদ্ধান্তে উপনীত হওয়া যায়
B. কেবল ২নং সিদ্ধান্তে উপনীত হওয়া যায়
C. ১নং অথবা ২নং যে কোন সিদ্ধান্তে উপনীত হওয়া যায়
D. ১নং অথবা ২নং কোন সিদ্ধান্তেই উপনীত হওয়া যায় না

ব্যাখ্যা : বক্তব্যটিতে গৃহকর্মীদের কথা বলা হয়নি এবং ঝাড়ুদার (গৃহস্থ) রান্না করতে পারে না।
Ans : D.

৬৯. বক্তব্য: কিছু রাজা বেকুব। কিছু বেকুব রাজা। এ থেকে বোঝা যায়:
১. কিছু রাজা রাগী ২. কিছু রাগী রাজা
A. কেবল ১নং সিদ্ধান্তে উপনীত হওয়া যায়
B. কেবল ২নং সিদ্ধান্তে উপনীত হওয়া যায়
C. ১নং অথবা ২নং যে কোন সিদ্ধান্তে উপনীত হওয়া যায়
D. ১নং অথবা ২নং কোন সিদ্ধান্তেই উপনীত হওয়া যায় না

ব্যাখ্যা : বক্তব্য তে 'রাগী' সংক্রান্ত কোনো আলোচনা-ই নেই। তাই, সিদ্ধান্তে উপনীত হওয়া যায় না।
Ans : D.

৭০. বাক্য দুটির মাঝে সম্পর্ক নিরূপণ কর:
১. সম্প্রতি সফররত বৃটিশ সংসদীয় প্রতিনিধি দল বললেন, "বাংলাদেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক"
২. অস্ট্রেলিয়া ক্রিকেট দল তাদের বাংলাদেশ সফর স্থগিত করল।
A. ১নং বাক্যটি কারণ ২নং বাক্যটি ফল
B. ২নং বাক্যটি কারণ ১নং বাক্যটি ফল
C. ১ ও ২য় উভয় বাক্যই স্বতন্ত্র কারণসমূহের ফল
D. ১ ও ২ উভয় বাক্যই কোন সাধারণ কারণের ফল

Ans : D.

৭১. দেশের কোন কোন শিক্ষাবোর্ড স্কুলগুলোতে প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত ক্যালকুলেটরের ব্যবহার আইন করে নিষিদ্ধ করার কথা ভাবছে। কিন্তু অন্য শিক্ষাবোর্ডগুলো আবার মাধ্যমিক পর্যায়ে সবার ছাত্রের জন্য সায়েন্টিফিক ক্যালকুলেটর বাধ্যতামূলক করতে চাইছে। এ থেকে বোঝা যায়:
A. স্কুলে ক্যালকুলেটর ব্যবহার প্রসঙ্গে একাধিক মত আছে
B. ক্যালকুলেটর গণিত শিক্ষার বড় অন্তরায়
C. রাষ্ট্রের আইন প্রণেতারা শিক্ষা নিয়ে চিন্তিত
D. স্কুলে ক্যালকুলেটর ব্যবহার নিয়ে কোন বৈরি মত নেই

Ans : A.

৭২. রানা প্রাজা ধ্বংস কিংবা গার্মেন্টস ফ্যাক্টরিগুলোতে অগ্নিকাণ্ড ও হতাহতের ঘটনা প্রমাণ করে-
A. শ্রমিকের জীবনের চেয়ে মুনাফার গুরুত্ব বেশি
B. মালিকরা প্রাণহানি নিয়ে যথেষ্ট চিন্তিত
C. মালিকরা মুনাফা নিয়ে মোটেও মাথা ঘামায় না
D. দুর্ঘটনা প্রতিরোধে যথেষ্ট ব্যবস্থা নেয়া হয়েছে

Ans : A.

নিচের অনুচ্ছেদটি পড়ে উত্তর দাও (৭৩-৭৭) :
একটি লুপ বাসের রুটে ছয়টি পর্যায়ক্রমিক স্টপেজ আছে। ৬নং স্টপেজ পার করে বাসটি পুনরায় ১নং এ ফিরে আসে। প্রতিটি স্টপেজ ৬টি বিভিন্ন এ অবস্থিত, সেগুলো পর্যায়ক্রমে G, H, J, K, L এবং M. L স্টপেজটি ৩নং এবং H ৬নং এ অবস্থিত। K স্টপেজটি M এবং J স্টপেজটি G এর ঠিক আগে।

৭৩. যদি J ৪নং স্টপেজ হয়, তবে তার ঠিক আগের স্টপেজ কোনটি?
A. J B. M C. G D. H

ব্যাখ্যা : প্রশ্ন অনুযায়ী-

1	2	3	4	5	6
K	M	L	J	G	H

 বাসটি পুনরায় ফিরে আসার সময় J এর আগের স্টপেজ-G।
Ans : C.

৭৪. যদি G দ্বিতীয় স্টপেজ হয়, তবে H এর ঠিক আগের স্টপেজ কোনটি?
A. J B. G C. L D. K

ব্যাখ্যা : ৬ নং স্টপেজ H এর পূর্বের স্টপেজ ৫ নং G।
Ans : B.

৭৫. যদি কেউ K স্টপেজ থেকে বাসে ওঠে এবং এক স্টপেজ পরে L এ নামে, তবে নিচের কোনটি সত্য?
A. K -১নং B. M -৩নং C. L -৪নং D. J -৫নং

ব্যাখ্যা : L-৩ নং স্টপেজ। সুতরাং K-১ নং স্টপেজ।
Ans : A.

৭৬. J স্টপেজটির অবস্থান কোথায়?
A. ৫নং B. ২নং C. ৪নং D. ৩নং

Ans : C.

৭৭. যদি কেউ L স্টপেজ থেকে বাসে ওঠে এবং পরবর্তী ২টি স্টপেজ পার হয়ে ৩য় স্টপেজ এ নামে, তবে সে কোন স্টপেজে নামবে?
A. H B. G C. J D. K

ব্যাখ্যা : ৩ নং স্টপেজ L থেকে ২টি স্টপেজ পার হলে ৬নং H স্টপেজ।
Ans : A.

৭৮. 'কোনদিন আসিবেন বন্ধু কয়া যাওয়া কয়া যাও রে'- এ লোকগানটি বাংলাদেশের কোন অঞ্চলের?
A. পূর্ববঙ্গ B. উত্তরবঙ্গ C. হাওর অঞ্চল D. বাওর অঞ্চল

Ans : B.

৭৯. 'ব্যাঙের ছাতার মতো গজিয়ে উঠছে ক্লিনিক'- এই বাক্যে 'ব্যাঙের ছাতা' ব্যবহৃত হয়েছে
A. অস্বাভাবিক পরিবেশ বোঝাতে B. অনাকাঙ্ক্ষিত প্রাচুর্য্য বোঝাতে
C. ছত্রাকের সংক্রমণ বোঝাতে D. ওপরের কোনটি বোঝাতেই নয়

Ans : B.

৮০. 'কিছু মানুষ আছে যারা সবক্ষেত্রে অন্যের উপর নির্ভরশীল। কিন্তু এরূপ পরনির্ভরশীল মানুষের বিশ্বাস এবং দক্ষতার বিকাশকে বাধা দিচ্ছে। ফলে জীবনে উন্নতি লাভ করা যায় না'- এই বক্তব্যে যে বিষয়ের উপর গুরুত্ব দেয়া হয়েছে, তা হলো
A. সত্যতা B. আত্মনির্ভরশীলতা
C. ন্যায়পরায়ণতা D. অধ্যবসায়

Ans : B.

৮১. 'কিছু মানুষ আছে যারা সবক্ষেত্রে অন্যের উপর নির্ভরশীল। কিন্তু এরূপ পরনির্ভরশীল মানুষের বিশ্বাস এবং দক্ষতার বিকাশকে বাধা দিচ্ছে। ফলে জীবনে উন্নতি লাভ করা যায় না'- এই বক্তব্যে যে বিষয়ের উপর গুরুত্ব দেয়া হয়েছে, তা হলো
A. সত্যতা B. আত্মনির্ভরশীলতা
C. ন্যায়পরায়ণতা D. অধ্যবসায়

Ans : B.

৮২. 'কিছু মানুষ আছে যারা সবক্ষেত্রে অন্যের উপর নির্ভরশীল। কিন্তু এরূপ পরনির্ভরশীল মানুষের বিশ্বাস এবং দক্ষতার বিকাশকে বাধা দিচ্ছে। ফলে জীবনে উন্নতি লাভ করা যায় না'- এই বক্তব্যে যে বিষয়ের উপর গুরুত্ব দেয়া হয়েছে, তা হলো
A. সত্যতা B. আত্মনির্ভরশীলতা
C. ন্যায়পরায়ণতা D. অধ্যবসায়

Ans : B.

৮৩. 'কিছু মানুষ আছে যারা সবক্ষেত্রে অন্যের উপর নির্ভরশীল। কিন্তু এরূপ পরনির্ভরশীল মানুষের বিশ্বাস এবং দক্ষতার বিকাশকে বাধা দিচ্ছে। ফলে জীবনে উন্নতি লাভ করা যায় না'- এই বক্তব্যে যে বিষয়ের উপর গুরুত্ব দেয়া হয়েছে, তা হলো
A. সত্যতা B. আত্মনির্ভরশীলতা
C. ন্যায়পরায়ণতা D. অধ্যবসায়

Ans : B.

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (B Unit)

শিক্ষাবর্ষ : 2015-2016 [Set-2]

বাংলা

০১. 'পদ্মা ভাগিরথীর মতো ধরতোতা যাঁহাদের বাণী, আমি তাঁহাদের বহু পশ্চাতে'। উক্তিটি কোন গল্পের/কবিতার?

- A. একুশের গল্প B. কলিমদ্দি দফাদার
C. যৌবনের গান D. কমলাকান্তের জবানবন্দি

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।

Ans : C.

০২. আধুনিক বাংলা কবিতার জনক বলা হয় কাকে?

- A. মাইকেল মধুসূদন দত্তকে B. শামসুর রাহমানকে
C. সৈয়দ আলী আহসানকে D. ফররুখ আহমদকে

ব্যাখ্যা :

সাহিত্যিকের নাম	জনক
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর	বাংলা গদ্য, বিরামচিহ্ন
মাইকেল মধুসূদন দত্ত	আধুনিক বাংলা কবিতা, সনেট, অমিত্রাক্ষর ছন্দ, আধুনিক বাংলা নাটক।
বিহারীলাল চক্রবর্তী	বাংলা গীতকবিতা।
রবীন্দ্রনাথ ঠাকুর	বাংলা ছোটগল্প।
বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়	প্রথম সার্থক উপন্যাস।
প্রমথ চৌধুরী	চলিত রীতি।

Ans : A.

০৩. 'ব্রজঙ্গনা' কাব্যগ্রন্থটি কার লেখা?

- A. রবীন্দ্রনাথ ঠাকুর B. অমিয় চক্রবর্তী
C. সুকান্ত ভট্টাচার্য D. মাইকেল মধুসূদন দত্ত

ব্যাখ্যা : মাইকেল মধুসূদন দত্তের উল্লেখযোগ্য-

- কাব্যগ্রন্থ: তিলোত্তমাসম্ভব (অমিত্রাক্ষর ছন্দে রচিত), চতুর্দশপদী কবিতাবলী, বীরঙ্গনা (পত্রকাব্য), ব্রজঙ্গনা (বেঞ্চর পদাবলীতে রচিত)।
- নাটক: শমিষ্ঠা (বাংলা সাহিত্যে প্রথম সার্থক নাটক), পদ্মাবতী (প্রথম কমেডি নাটক), মায়াকানন, কৃষ্ণকুমারী।
- প্রহসন: বুড়ো শালিকের ঘাড়ে রৌ, একেই কি বলে সভ্যতা?

Ans : D.

০৪. কোন বাক্যটি সঠিক?

- A. সমৃদ্ধমান পরিবারে তার জন্ম B. সমৃদ্ধ পরিবারে তার জন্ম
C. সমৃদ্ধিমান পরিবারে তার জন্ম D. সমৃদ্ধি পরিবারে তার জন্ম

ব্যাখ্যা :

ভুল	শুদ্ধ
সমৃদ্ধি/সমৃদ্ধমান পরিবারে তার জন্ম	সমৃদ্ধ পরিবারে তার জন্ম।
অশ্রদ্ধলে বুক ভেসে গেল	অশ্রুতে বুক ভেসে গেল।
অপব্যয় একটি মারাত্মক ব্যাধি	অপচয় একটি মারাত্মক অভ্যাস
একের লাঠি দশের বোঝা	দশের লাঠি একের বোঝা।
আমার আর বাঁচিবার স্বাদ নেই	আমার আর বাঁচিবার সাধ নাই।

সমৃদ্ধ-বিশেষণ, সমৃদ্ধি-বিশেষ্য পদ। তাই সমৃদ্ধ পরিবার শুদ্ধ।

Ans : B.

০৫. প্রত্যেক ভাষার কয়টি মৌলিক অংশ থাকে?

- A. ২ B. ৩ C. ৪ D. ৫

ব্যাখ্যা : প্রত্যেক ভাষারই মৌলিক চারটি অংশ থাকে-

- ১। ধ্বনি (Sound) ২। শব্দ (Word)
৩। বাক্য (Sentence) ৪। অর্থ (meaning)

Ans : C.

০৬. কোনটি কম্পনজনিত ব্যঞ্জনধ্বনি?

- A. র B. ল C. ব D. ড

ব্যাখ্যা : নাসিক্য বা অনুনাসিক ধ্বনি- ড, ঙ, ঞ, ণ, ন, ম্

তাড়নজাত বর্ণ- ড, ঢ

কম্পন জাত ধ্বনি- র

উন্ম বা শীষ বর্ণ- শ, স, হ, ষ

অন্তঃস্থ বর্ণ- য, র, ল, ব

পাশ্বিক ধ্বনি- ল

পরশ্রয়ী বর্ণ- ঙ, ঞ,

Ans : A.

০৭. বাক্যে কোনটি সাপেক্ষ সর্বনাম?

- A. যতক্ষণ শ্বাস, ততক্ষণ আশ। B. কে এই ছদ্মবেশধারী?
C. একজন এসেছিল। D. পরস্পরকে সাহায্য কর।

ব্যাখ্যা : সাপেক্ষ সর্বনাম (Correlative Pronoun) একে অন্যের ওপর নির্ভরশীল যুগল সর্বনাম যা দুটি বাক্যের সংযোগ ঘটায়।

• যে আগে আসবে সে আগে পাবে।

• যতক্ষণ শ্বাস, ততক্ষণ আশ। • যা ভেবেছি তাই হয়েছে।

Ans : A.

০৮. অবহাচক বিশেষণ কোনটি?

- A. তাজা মাছ। B. বেলে মাটি।
C. পাথুরে মূর্তি। D. কেমন অবস্থা?

ব্যাখ্যা : কিছু নাম বিশেষণের উদাহরণ-

বর্ণবাচক- নীল আকাশ, সবুজ ঘাস।

গুণবাচক- চালাক ছেলে, ঠাণ্ডা পানি।

অবহাচক- চলন্ত ট্রেন, তাজা মাছ।

সংখ্যাবাচক- এক টাকা, সাত দিন।

উপাদান বাচক- বেলে মাটি, রেশমি চাদর।

প্রশ্নবাচক- কেমন অবস্থা? কতক্ষণ সময়?

নির্দিষ্টতা বাচক- এই দিনে; সেই সময়।

Ans : A.

০৯. 'লঘু' শব্দটির বিপরীত শব্দ কোনটি?

- A. হর B. গভীর C. গাভীর্ষ্য D. স্থিত

ব্যাখ্যা :

মূলশব্দ	বিপরীত শব্দ	মূল শব্দ	বিপরীত শব্দ
অগ্র	পশ্চাৎ	অনুরাগ	বিরাগ
অতিকায়	ক্ষুদ্রকায়	অধমর্ণ	উত্তমর্ণ
অর্থ	অনর্থ	অলীক	সত্য/বাস্তব
অর্বাচীন	প্রাচীন	অবনত	উন্নত
অনু	বিরাত	লঘু	গভীর

Ans : B.

১০. 'ঝগড়া' শব্দটির সমার্থক শব্দ কোনটি?

- A. বচসা B. নিনাদ C. ঠগ D. অপট

ব্যাখ্যা : ঝগড়া- কলহ, বিবাদ, বচসা।

Ans : A.

English

Read the paragraph and answer the following questions(11-15):

After shooting, the editor assembles the pieces of footage into a coherent whole. Editing has been one of the few major roles in filmmaking open to women, a fact that is all the more significant because the editor is the person who gives a film its final shape, makes conform to the will of the producer (during the studio period) or the director (who, in the post-studio period, oversees the editing process). Many films are saved in the editing process. Bad acting can be

covered up by cutting away from a talent less actor to something or someone else in the scene, with newly recorded lines dubbed in to create a better performance. A film editor needs great dexterity, a sharp eye for detail and rhythm, a prodigious visual memory. In the studio days, the editor was the one who managed to structure pieces of, exposed film into the patterns of the continuity style. Few directors shot with the precision and economy that could dictate and control the final shape of their material. Many films are invented during editing. In American cinema especially, editors have major responsibilities for executing the cutting style of the studio, and some important editorial names are attached to their respective companies Viola Lawrence at Columbia, Gerge Amy at Warner Brothers.

11. One may conclude that according to this piece, the role of editors start
- A. Before shooting B. After shooting
C. During shooting D. During the planning of film

ব্যাখ্যা : Passage এর ১ম লাইনেই বলা হয়েছে After Shooting the editor assembles the pieces of footage into a Coherent whole. অর্থাৎ মূল editor এর কাজ শুরু হয় Cinema ধারণ করার পর, সুতরাং Answer (B).

Ans : B.

12. Do you think that bad acting can be covered by editors?
- A. No B. Not given C. Yes D. I don't know

ব্যাখ্যা : Passage এ উল্লেখ রয়েছে Bad acting can be covered up by cutting away from a talentless actor. এজন্য বলা হচ্ছে খারাপ অভিনয়কে সমাধান করে থাকে Editor তবে director এর সাথে এজন্য পরামর্শ করে থাকে তাই সঠিক উত্তর A.

Ans : A.

13. What is meant by prodigious memory?
- A. Extraordinary
B. Discipline memory
C. General skills of
D. None of the above documentation

ব্যাখ্যা : Prodigious Memory - বিস্ময়কর স্মৃতি।
Extraordinary - অসাধারণ।
Discipline Memory - শৃঙ্খলাময় স্মৃতি।
General Skill - সাধারণ দক্ষতা।
বিস্ময়কর স্মৃতিগুলো সাধারণত Extraordinary - অসাধারণ।

Ans : A.

14. Editors are responsible for-
- A. A nice film
B. Photography of film
C. Inventing a film
D. Creating a pattern of continuity

ব্যাখ্যা : Passage এ বলা হয়েছে The editor was one who managed to structure pieces of exposed film into the Patterns of Continuity style.

Ans : D.

15. Gerge Amy worked with-
- A. Columbia B. American company
C. Warner Brothers D. Studios of the USA

ব্যাখ্যা: Passage এর শেষ লাইনে উল্লেখ রয়েছে যে Gerge Amy at Warner Brothers অর্থাৎ Gerge Amy Warner brothers এ কাজ করত।

Ans : C.

Select the letter pair that best expresses a relationship similar to the original (16-17):

16. APOSTATE : RELIGION
- A. potentate : kingdom B. traitor : country
C. bureaucrat : government D. jailer : law

ব্যাখ্যা : Apostate (স্বধর্মত্যাগী) Religion, (ধর্ম) ত্যাগ করে। আর Traitor (বিশ্বাসঘাতক) তার Country (দেশ) এর সাথে বিশ্বাসঘাতকতা করে।

Ans : B.

17. PERJURY : OATH
- A. plagiarism : authority B. embezzlement : trust
C. disrespect : age D. testimony : court

ব্যাখ্যা : Perjury (শপথকর্তা) এর মাধ্যমে Oath (শপথ) হয়। আর Embezzlement অর্থ (আত্মসাৎ) এর মাধ্যমে Trust (তহবিল) হতে অর্থ আত্মসাৎ করা হয়।

Ans : B.

Choose the correct word that best completes the sentence (18-19):

18. This poetry is not ___ it is more likely to appeal to an international audience than is poetry with strictly regional themes.
- A. technical B. provincial
C. familiar D. complex

ব্যাখ্যা : Technical - প্রযুক্তিগত। Provincial - প্রাদেশিক।
Familiar - পরিচিত। Complex - জটিল।
কবিতা কখনো স্থানীয় কেন্দ্রিক হয় না কারণ এটি International audience দেরকেও আকর্ষিত করে। বাক্যের অর্থ অনুযায়ী স্থানীয় বুঝাতে Provincial সঠিক।

Ans : B.

19. Given the ___ nature of wood, the oldest totem poles of the Northeast Coast Indians eventually fell to decay; only a few still stand today.
- A. resilient B. combustible
C. malleable D. perishable

ব্যাখ্যা : Resilient- প্রাণবন্ত। Combustible - দাহ্য।
malleable- নমনীয়।
Perishable - দ্রুত পচনশীল বাক্যের অর্থ অনুযায়ী B সঠিক।

Ans : B.

Choose the underlined word or phrase that is incorrect/must be changed in order for the sentence to be correct (20-21):

20. A new production of the opera Aida has just been announced; it will be sang on an outdoor stage with live animals.
- A. just B. it
C. It will be sang D. with

ব্যাখ্যা : Be/Being/Having এদের পরে verb এর Past Participle form হয়। অর্থাৎ Be/Being/Having + V₃ (V এর Past Participle form).

Present → Past → Past Participle

Sing → Sang → Sung

তাই C সঠিক উত্তর অর্থাৎ It will be sung হবে।

Ans : C.

21. Although many people are unfamiliar with the website, it is well known to shoppers desirous for comparing prices before they make purchases online.
A. although B. unfamiliar with
C. it is D. desirous

ব্যাখ্যা: Shoppers desirous হয় না। যেহেতু antecedent হিসেবে Shoppers রয়েছে তাই Shoppers কে নির্দেশ করার জন্য Relative Pronoun আনতে হবে এবং Relative Pronoun Subj. হিসেবে কাজ করে তাই এর পরে verb আনতে হবে। মনে রাখতে হবে be verb হল linking verb তাই linking verb এর পর adj. (desirous) সঠিক।

অর্থাৎ, Relative Pronoun + linking verb + adj.
who + are + desirous

তাই Answer হল D যেটি ভুল।

Ans : D.

22. There is simply no way one can avoid conflict; hence, if you must fight, fight to win.
A. In no way can one simply avoid conflict; hence
B. You cannot avoid conflict; hence
C. There is simply no way one can avoid conflict; however
D. There is simply no way in which you may avoid conflict; however

ব্যাখ্যা : প্রশ্নটির অর্থ হল Conflict এড়িয়ে যাওয়ার সহজ কোন পথ নেই এ লাইনটির সাথে হুবহু মিলে যায় B তাই এটি সহজ ও সঠিক উত্তর।

Ans : B.

23. The bridge between San Francisco and Marin is actually painted a reddish orange, while being called the Golden Gate.
A. although actually painted a reddish orange, is
B. whose paint is actually reddish orange, while it is
C. Being actually painted as reddish orange, caused it to be
D. which is actually painted a reddish orange, while being

ব্যাখ্যা : এখানে সঠিক উত্তর হল (A). কারণ এখানে the bridge এর verb হচ্ছে is এবং Although actually Painted a reddish orange, এটা হচ্ছে adverb clause.
(B) ভুল কারণ whose দিয়ে ব্যক্তিকে নির্দেশ করে কিন্তু প্রশ্নে Subj. হচ্ছে বস্তু এবং while it is এটিও ভুল। (C) তে কোনো clause Marker নেই ও (D) তে the bridge এর কোনো verb দেওয়া নেই।

Ans : A.

24. FOE is the most nearly similar meaning to
A. Optimistic B. Enemy
C. Gloomy D. Fertile

ব্যাখ্যা : Foe - শত্রু।
Synonym - Enemy, Adversary, Opponent, Antagonist.
Antonym - Friend, Benefactor, well-wisher.

Ans : B.

25. TACITURN is the most nearly opposite meaning to
A. Spoken B. Talkative
C. Confident D. Leisurely

ব্যাখ্যা : Taciturn - অল্পভাষী।
Synonym - Aloof, Laconic, Silent, Speechless.
Antonym - Talkative, Fluent, Wordy, Gossipy.

Ans : B.

গণিত

26. $f(x) = x^4 - 4x^2 + 3$ হলে, $f(1) = ?$
A. 0 B. -1 C. 1 D. কোনটিই নয়

ব্যাখ্যা : $f(x) = x^4 - 4x^2 + 3$
 $f(1) = (1)^4 - 4 \cdot 1^2 + 3 = 1 - 4 + 3 = 0$
Ans : A.

27. পরপর তিনটি সংখ্যার গুণফল 60, তাদের যোগফল হবে-
A. 9 B. 12 C. 15 D. 20

ব্যাখ্যা : $60 = 2 \times 2 \times 3 \times 5 = 3 \times 4 \times 5$
 \therefore সংখ্যা তিনটি হল 3, 4, 5 এবং এদের যোগফল $= 3 + 4 + 5 = 12$
Ans : B.

28. $a^2 - \sqrt{5}a + 1 = 0$ হলে, $a^3 + \frac{1}{a^3} = ?$
A. $2\sqrt{5}$ B. 1 C. 0 D. কোনটিই নয়

ব্যাখ্যা : $a^2 - \sqrt{5}a + 1 = 0 \Rightarrow a^2 + 1 = \sqrt{5}a$
 $\Rightarrow \frac{a^2 + 1}{a} = \sqrt{5} \Rightarrow a + \frac{1}{a} = \sqrt{5}$
 $\Rightarrow \left(a + \frac{1}{a}\right)^3 = (\sqrt{5})^3 \Rightarrow a^3 + \frac{1}{a^3} + 3 \cdot a \cdot \frac{1}{a} \left(a + \frac{1}{a}\right) = 5\sqrt{5}$
 $\Rightarrow a^3 + \frac{1}{a^3} + 3\sqrt{5} = 5\sqrt{5}$
 $\Rightarrow a^3 + \frac{1}{a^3} = 5\sqrt{5} - 3\sqrt{5} = 2\sqrt{5}$
Ans : A.

29. $(\sqrt{5} \cdot \sqrt{2})^4$ এর মান কত?
A. 50 B. 100 C. 120 D. 150

ব্যাখ্যা : $(\sqrt{5} \cdot \sqrt{2})^4 = (\sqrt{5})^4 \cdot (\sqrt{2})^4 = 5^2 \cdot 2^2 = 100$
Ans : B.

30. যদি তেলের দাম 25% বেড়ে যায়, তবে তেলের ব্যবহার শতকরা কত কমালে তেল বাবদ খরচ বৃদ্ধি পাবে না?
A. 15% B. 20% C. 25% D. 30%

ব্যাখ্যা : 25% দাম বাড়ায়,
বর্তমানে 125 টাকায় পাওয়া যায় পূর্বের 100 টাকার তেল
 \therefore বর্তমানে 1 টাকায় পাওয়া যায় পূর্বের $\frac{100}{125}$ টাকা তেল
 \therefore বর্তমানে 100 টাকায় পাওয়া যায় পূর্বের $\frac{100 \times 100}{125}$ টাকার তেল
 $= 80$ টাকার তেল
 \therefore শতকরা ব্যবহার কমাতে হবে $= (100 - 80) = 20$ টাকা।
Ans : B.

31. $5a - [5a - \{a - (a - 1)\}] = ?$
A. 5 B. 1 C. 5a D. 5a - 1

ব্যাখ্যা : $5a - [5a - \{a - (a - 1)\}]$
 $= 5a - [5a - \{a - a + 1\}] = 5a - [5a - \{1\}]$
 $= 5a - [5a - 1] = 5a - 5a + 1 = 1$
Ans : B.

৩২. n -এর কোন ধনাত্মক মানের জন্য n -সংখ্যক স্বাভাবিক সংখ্যার ঘনের সমষ্টি 225 হবে?
A. 6 B. 5 C. -5 D. -6

ব্যাখ্যা : n সংখ্যক স্বাভাবিক সংখ্যার ঘনের সমষ্টি = $\left\{ \frac{n(n+1)}{2} \right\}^2$

$\Rightarrow 225 = \left\{ \frac{n(n+1)}{2} \right\}^2 \Rightarrow 15 = \frac{n(n+1)}{2}$

$\Rightarrow 30 = n(n+1) \Rightarrow n^2 + n - 30 = 0$

$\Rightarrow n^2 + 6n - 5n - 30 = 0 \Rightarrow (n+6)(n-5) = 0$

$n = 5, -6$

Ans : B.

৩৩. $p:q = 3:4$ হলে $3p:4q = ?$

- A. 9 : 16 B. 3 : 4 C. 16 : 9 D. 1 : 2

ব্যাখ্যা : $p : q = 3 : 4$

$\Rightarrow 3p : 4q = (3 \times 3) : (4 \times 4) = 9 : 16$

Ans : A.

৩৪. $\cot \theta \sqrt{1 - \cos^2 \theta}$ এর মান কত?

- A. cosec θ B. Sec θ
C. sin θ D. কোনটিই নয়

ব্যাখ্যা : $\cot \theta \sqrt{1 - \cos^2 \theta} = \cot \theta \sqrt{\sin^2 \theta}$
 $= \frac{\cos \theta}{\sin \theta} \times \sin \theta = \cos \theta$

Ans : D.

৩৫. একটি বেলনের বক্রতলের ক্ষেত্রফল 100 বর্গ সে.মি. এবং এর আয়তন 150 ঘন সে.মি. হলে বেলনের ব্যাসার্ধ কত?

- A. 2 সে.মি. B. 3 সে.মি. C. 4 সে.মি. D. 5 সে.মি.

ব্যাখ্যা : বেলনের বক্রতলের ক্ষেত্রফল = $2\pi rh$

বেলনের আয়তন = $\pi r^2 h$

$\frac{2\pi rh}{\pi r^2 h} = \frac{100}{150} \Rightarrow \frac{2}{r} = \frac{2}{3}$

$\therefore r = 3$

Ans : B.

৩৬. একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত 2:3:5, ক্ষুদ্রতম কোণ কোনটি?

- A. 54° B. 36° C. 96° D. 72°

ব্যাখ্যা : অনুপাতত্রয়ের যোগফল = $2 + 3 + 5 = 10$

এখানে, ক্ষুদ্রতম সংখ্যা = 2

\therefore ক্ষুদ্রতম কোণটি $(180^\circ \text{ এর } \frac{2}{10}) = 36^\circ$

Ans : B.

৩৭. নিচের তথ্যগুলো লক্ষ করি এবং সত্যতা নিরূপন করি:

i. বৃত্তে অন্তর্লিখিত চতুর্ভুজের যেকোনো দুইটি বিপরীত কোণের সমষ্টি 90°

ii. বৃত্তে অন্তর্লিখিত চতুর্ভুজের যেকোন দুইটি বিপরীত কোণের সমষ্টি 180°

iii. বৃত্তে অন্তর্লিখিত চতুর্ভুজের যেকোন দুইটি বিপরীত কোণের সমষ্টি দুই সমকোণ


- A. i B. ii
C. ii ও iii D. iii

Ans : C.

৩৮. একটি বাড়ি ২০ ফুট উঁচু। একটি মইয়ের তলদেশ মাটিতে বাড়ির দেয়াল থেকে ১৫ ফুট দূরে রাখা। উপরে মইটি বাড়ির ছাদ ছুঁয়ে আছে। মইটি কত ফুট লম্বা?

- A. 30 B. 41 C. 25 D. 35

ব্যাখ্যা :



AB = বাড়ি = 20 ফুট

মাটিতে মই এর দূরত্ব = BC = ১৫ ফুট

\therefore পীথাগোরাসের উপপাদ্য অনুসারে, AC = মই = $\sqrt{20^2 + 15^2} = 25$

Ans : C.

৩৯. 37° কোণের পূরক কোণ কত?

- A. 53° B. 153° C. 37° D. 180°

ব্যাখ্যা : 37° এর পূরক কোণ = $90^\circ - 37^\circ = 53^\circ$

Ans : A.

৪০. যদি কোন ত্রিভুজের দুইটি বাহু পরস্পর সমান হয়, তবে-

- A. বিপরীত কোণদ্বয়ও সমান হবে B. যেকোনো কোণদ্বয় সমান হবে
C. সমকোণী ত্রিভুজ হবে D. কোনটিই নয়

Ans : A.

সাধারণ জ্ঞান

৪১. বিশ্বব্যাংক বাংলাদেশকে নিম্ন মধ্যম আয়ের দেশ হিসেবে ঘোষণা করে-

- A. ১ জুলাই ২০১৫ B. ১৭ জুলাই ২০১৫
C. ২৫ জুলাই ২০১৫ D. ৩১ জুলাই ২০১৫

ব্যাখ্যা : • ১৭ই মার্চ ২০১৮ তে বাংলাদেশ নিম্ন আয়ের দেশের তালিকা থেকে বের হওয়ার যোগ্যতা অর্জন করে।

• উন্নত রাষ্ট্রে পরিণত হতে বাংলাদেশ সরকারের গৃহীত পদক্ষেপ- ডিশন ২০২১ এবং ২০৪১।

• বাংলাদেশ সরকারের ডিশন- ২০২১ এর মূল লক্ষ্য হচ্ছে- দেশকে মধ্যম আয়ের দেশে উন্নীত করা।

• বিশ্বব্যাংক বাংলাদেশকে নিম্ন মধ্যম আয়ের দেশ হিসেবে ঘোষণা করে- ১ জুলাই ২০১৫।

Ans : A.

৪২. IDB এর পূর্ণরূপ কী?

- A. Industrial Development Bank
B. Islamic Development Bank
C. Indian Development Bank
D. International Development Bank

ব্যাখ্যা : Islamic Development Bank (IDB)-

• ইসলামিক উন্নয়ন ব্যাংক (IDB) এর কার্যক্রম শুরু হয়- ২০ অক্টোবর ১৯৭৫

• সদস্য সংখ্যা- ৫৭ (সর্বশেষ-গায়ানা (১৮ মে ২০১৬))

• সদর দপ্তর- জেদ্দা, সৌদি আরব।

Ans : B

৪৩. বাংলাদেশের সাথে সবচেয়ে বেশি বাণিজ্য ঘাটতি কোন দেশের?

- A. ভারত B. যুক্তরাষ্ট্র C. চীন D. যুক্তরাজ্য

ব্যাখ্যা : • বাংলাদেশের সাথে বর্তমানে বাণিজ্য ঘাটতি বেশি- চীনের সাথে।

• ভারতের সাথে ২য় বেশি বাণিজ্য ঘাটতি।

• বাংলাদেশ সর্বাধিক আমদানি করে - চীন থেকে।

• সর্বাধিক রপ্তানি করে - মার্কিন যুক্তরাষ্ট্রে।

Ans : C.

৪৪. বাংলাদেশ ব্যাংকের গভর্নরের মেয়াদকাল-

A. ৩ বছর B. ৪ বছর C. ২ বছর D. ৫ বছর

ব্যাখ্যা : • বাংলাদেশ ব্যাংকের বর্তমান (১১তম) গভর্নর- ফজলে কবির (২০ মার্চ, ২০১৬)

- বাংলাদেশ ব্যাংকের পরিচালনা পর্ষদের সদস্য সংখ্যা- ৯ (১ জন চেয়ারম্যান ও ৮ জন পরিচালক)।
- গভর্নরের মেয়াদ কাল- ৪ বছর।
- প্রধান কার্যালয়- মতিঝিল, ঢাকা (প্রধান কার্যালয় ছাড়াও ১০টি শাখা রয়েছে)।

Ans : B

৪৫. বাংলাদেশের সবচেয়ে বৃষ্টিবহুল এলাকা কোনটি?

A. শ্রীমঙ্গল B. মাধবপুর C. লাউয়াছড়া D. লালখাল

ব্যাখ্যা :

উষ্ণতম মাস	এপ্রিল
শীতলতম মাস	জানুয়ারি
উষ্ণতম জেলা	রাজশাহী
শীতলতম জেলা	সিলেট
সর্বনিম্ন বৃষ্টিপাতের স্থান	লালপুর (নাটোর)
সর্বোচ্চ বৃষ্টিপাতের স্থান	লালাখাল (সিলেট)
শীতলতম স্থান	শ্রীমঙ্গল (মৌলভী বাজার)
উষ্ণতম স্থান	লালপুর (নাটোর)

Ans : D

৪৬. সুন্দরবন বাংলাদেশের কোন কোন জেলা নিয়ে গঠিত নয়?

A. খুলনা-সাতক্ষীরা-বরগুনা B. সাতক্ষীরা-বরগুনা-বাগেরহাট
C. বাগেরহাট-খুলনা-সাতক্ষীরা D. খুলনা-সাতক্ষীরা-যশোর

ব্যাখ্যা : • সুন্দরবনকে ইউনেস্কো (UNESCO) কর্তৃক বিশ্ব ঐতিহ্য ঘোষণা করা হয় - ৬ ডিসেম্বর, ১৯৯৭ (৭৯৮তম)

- সুন্দরবনের প্রধান বৃক্ষ- সুন্দরী, গেওয়া, কেওড়া, পশুর, বাইন, গোলপাতা।
- দেশে ব্যবহৃত কাঠের ৬০% আসে সুন্দরবন থেকে।
- সুন্দরবন - খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, বরগুনা ও পটুয়াখালী জেলা নিয়ে গঠিত।

Ans : D

৪৭. বাংলাদেশের প্রায়োস্টোসিনের সোপান অঞ্চলে কোন ধরনের বনভূমি দেখা যায়?

A. ম্যানগ্রোভ B. শালবন C. চিরহরিৎ D. কোনটিই নয়

ব্যাখ্যা : • প্রায়োস্টোসিন কালের সোপানসমূহ - ২৫,০০০ বছর পূর্বে গঠিত।

- প্রায়োস্টোসিন কালের সোপানসমূহ গঠিত - দেশের উত্তর পশ্চিমাঞ্চলের বরেন্দ্রভূমি, মধ্যভাগের মধুপুর ও ভাওয়ালের গড় এবং কুমিল্লা জেলার লালমাই পাহাড়।

Ans : B

৪৮. বাংলাদেশের একমাত্র ম্যানগ্রোভ বনভূমিটি সমুদ্র উপকূলে গড়ে ওঠার কারণ কি?

A. সমুদ্র তীরবর্তী নোনা পানির জন্য
B. ভূ-প্রাকৃতিক গঠনের কারণে
C. ক ও খ দুটিই D. কোনটিই নয়

ব্যাখ্যা : ম্যানগ্রোভ বলতে লোনা পানি বা কাদার মধ্যে জেগে থাকা খুঁটির মত একধরনের শ্বাস গ্রহণকারী শিকড় বিশিষ্ট গাছকে বোঝায়।

Ans : A

৪৯. বাংলাদেশের দক্ষিণভাগে শীত-গ্রীষ্মের পার্থক্য তুলনামূলকভাবে কম হওয়ার কারণ কি?

A. নিরক্ষরেখার নিকটবর্তী B. ভূমিরূপ নিচু
C. সমুদ্রের উপস্থিতি D. কোনটিই নয়

ব্যাখ্যা : সমুদ্রের উপস্থিতির কারণে বাতাসে জলীয়বাষ্প ও অদ্রতার পরিমাণ বেশি থাকে।

Ans : C

৫০. 'চলাফেরার স্বাধীনতা' সম্পর্কে বাংলাদেশের সংবিধানের কত অনুচ্ছেদে বলা হয়েছে?

A. ৩৬ B. ৩৭ C. ৩৮ D. ৩৯

ব্যাখ্যা : বাংলাদেশের সংবিধানে "স্বাধীনতা" সম্পর্কিত অনুচ্ছেদ-সমূহ-

- চলাফেরার স্বাধীনতা (অনুচ্ছেদ ৩৬)।
- সমাবেশের স্বাধীনতা (অনুচ্ছেদ ৩৭)।
- সংগঠনের স্বাধীনতা (অনুচ্ছেদ ৩৮)।
- চিন্তা ও বিবেকের স্বাধীনতা (অনুচ্ছেদ ৩৯)।
- পেশা ও বৃত্তির স্বাধীনতা (অনুচ্ছেদ ৪০) এবং
- ধর্মীয় স্বাধীনতা (অনুচ্ছেদ ৪১)।

Ans : A.

৫১. পঞ্চদশ সংশোধনীর প্রধান বৈশিষ্ট্য হচ্ছে-

- A. তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা প্রবর্তন
- B. সংসদীয় ব্যবস্থাকে শক্তিশালীকরণ
- C. তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিলকরণ
- D. সংরক্ষিত নারী আসন বৃদ্ধি

ব্যাখ্যা : পঞ্চদশ সংশোধনীর বিষয় বস্তু-

- তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল।
- ৭২ সংবিধানের মূলনীতি বহাল।
- সংরক্ষিত মহিলা আসন- ৫০টি।
- রাজনৈতিক সরকারের অধীনে নির্বাচন।
- রাষ্ট্রধর্ম ইসলাম ও বিসমিল্লাহ বহাল ও অন্যান্য ধর্মের সমান গুরুত্ব।

Ans : C.

৫২. বাংলাদেশে প্রধান বিচারপতিকে শপথ বাক্য পাঠ করান-

A. এটর্নি জেনারেল B. স্পিকার C. প্রধানমন্ত্রী D. রাষ্ট্রপতি

ব্যাখ্যা :

শপথ পাঠদানকারী	শপথ গ্রহণকারী
রাষ্ট্রপতি	প্রধানমন্ত্রী ও মন্ত্রী পরিষদ, স্পিকার ও ডেপুটি স্পিকার, প্রধান বিচারপতি।
স্পিকার	রাষ্ট্রপতি (পঞ্চদশ সংশোধনীর পূর্বে ছিল প্রধান বিচারপতি)।
প্রধান বিচারপতি	সরকারী কর্মকমিশনের চেয়ারম্যান ও সদস্য, সুপ্রীম কোর্টের আপিল ও বিচার বিভাগের বিচারপতি।

Ans : D.

৫৩. প্রধানমন্ত্রী এবং মন্ত্রিসভা সংক্রান্ত বিধি প্রণীত আছে বাংলাদেশের সংবিধানের কোন ভাগে?

A. দ্বিতীয় B. তৃতীয় C. চতুর্থ D. পঞ্চম

ব্যাখ্যা : বাংলাদেশ সংবিধানের ভাগ ও বিষয়বস্তু-

ভাগ	বিষয়বস্তু	ভাগ	বিষয়বস্তু
প্রথম ভাগ	প্রজাতন্ত্র	সপ্তম ভাগ	নির্বাচন
দ্বিতীয় ভাগ	রাষ্ট্র পরিচালনার মূলনীতি	অষ্টম ভাগ	মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক
তৃতীয় ভাগ	মৌলিক অধিকার	নবম ভাগ	বাংলাদেশের কর্মবিভাগ ও জরুরী বিধানাবলী
চতুর্থ ভাগ	নির্বাহী বিভাগ	দশম ভাগ	সংবিধান-সংশোধন
পঞ্চম ভাগ	আইনসভা	একাদশ ভাগ	বিবিধ
ষষ্ঠ ভাগ	বিচার বিভাগ		

Ans : C

৫৪. নিচের কোনটি অন্যগুলো থেকে আলাদা?

A. ঢাকাইয়া B. ত্রিপুরা

C. রাখাইন

D. তঞ্চঙ্গ্যা

ব্যাখ্যা : ঢাকায় বাতীত সবগুলোই বাংলাদেশের উপজাতি বা ক্ষুদ্র-নৃগোষ্ঠী।

Ans : A

৫৫. নিচের কোনটি অন্যগুলো থেকে আলাদা?

A. পূত্রবধু

B. ননদ

C. বাবা

D. স্বতর

ব্যাখ্যা : এখানে বাবা-পুত্রবধু এবং অন্য সবগুলো স্ত্রীলিঙ্গ।

Ans : C

৫৬. নিচের কোনজন অন্যদের থেকে আলাদা?

A. শেখ মুজিবুর রহমান

B. সালভাদর আলেন্দে

C. ইয়াসির আরাফাত

D. নেলসন ম্যান্ডেলা

ব্যাখ্যা : উল্লেখিত সবাই প্রেসিডেন্ট ছিলেন। নেলসন ম্যান্ডেলা একই সাথে প্রেসিডেন্ট এবং দক্ষিণ আফ্রিকার বর্ণবাদী আন্দোলনের নেতা ছিলেন।

Ans : D

৫৭. নিচের কোনজন অন্যদের থেকে আলাদা?

A. কুম্পা লাহিড়ি

B. এডওয়ার্ড সাইদ

C. অরুণুতি রায়

D. নোয়াম চম্বুস্কি

ব্যাখ্যা : নোয়াম চম্বুস্কি ব্যতীত সবাই সাহিত্যিক ছিলেন। নোয়াম চম্বুস্কি ছিলেন একজন আমেরিকান ভাষাবিদ, দার্শনিক, বিজ্ঞানী ও ইতিহাসবিদ।

Ans : D

৫৮. বাংলাদেশের পর্যটন ব্র্যান্ডিং এর স্লোগান কোনটি?

A. Truly Asia

B. Natural Beauty

C. Incredible Bangladesh

D. Beautiful Bangladesh

ব্যাখ্যা : • বাংলাদেশ ২০১৬ সালকে 'পর্যটন বর্ষ' হিসেবে ঘোষণা করেছে।

• বাংলাদেশের পর্যটন ব্র্যান্ডিং এর স্লোগান- Beautiful Bangladesh.

Ans : D

৫৯. ২০১৫ সালে ঘোষিত নতুন নদীবন্দর কোনটি?

A. ঘোড়াশাল

B. কেশবপুর

C. মেহেন্দিগঞ্জ

D. মিরপুর

ব্যাখ্যা : • বাংলাদেশের প্রধান নদীবন্দর- নারায়ণগঞ্জ [শীতলক্ষ্যা নদীর তীরে অবস্থিত]

• বাংলাদেশের প্রধান নদীবন্দরগুলো- ঢাকা, নারায়ণগঞ্জ, বরিশাল, চাঁদপুর, খুলনা, পটুয়াখালী, আরিচা, মাওয়া প্রভৃতি।

• ঘোড়াশাল নদী বন্দর- নরসিংহী জেলায় অবস্থিত।

• ২০১৫ সালের ১৬ আগস্ট ঘোষিত নতুন দুটি নদীবন্দর- ঘোড়াশাল ও ফরিদপুর।

• বর্তমানে বাংলাদেশে ৩৭টি (২০২২ পর্যন্ত) নদীবন্দর রয়েছে।

• সর্বশেষে নদী বন্দর - গাজীপুর নদীবন্দর।

Ans : A.

৬০. 'টেকসই উন্নয়ন লক্ষ্য'র প্রথম প্রস্তাবনা কী?

A. দারিদ্র্য দূরীকরণ

B. খাদ্য নিরাপত্তা

C. নারীর ক্ষমতায়ন

D. জলবায়ু পরিবর্তন

ব্যাখ্যা : • টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG - Sustainable Development Goals) গৃহীত হয় - ২৫ সেপ্টেম্বর, ২০১৫।

• মোট লক্ষ্য - ১৭টি, মেয়াদকাল - ২০১৬-২০৩০ সাল।

• ১. দারিদ্র্য বিমোচন ২. ক্ষুধা মুক্তি ৩. সুবাস্থ্য

৪. মানসম্মত শিক্ষা ৫. লিঙ্গ সমতা

Ans : A.

৬১. ঢাকায় দীর্ঘতম ফ্লাইওভার কোনটি?

A. কুড়িল

B. যাত্রাবাড়ি

C. খিলগাঁও

D. মহাখালী

ব্যাখ্যা : • দেশের দীর্ঘতম ফ্লাইওভার - মেয়র মোহাম্মদ হানিফ ফ্লাইওভার।

• উদ্বোধন - ১১ অক্টোবর, ২০১৩, দৈর্ঘ্য - ১১.৮ কি.মি।

Ans : B

৬২. আন্তর্জাতিক আদালত গঠিত কতজন বিচারপতি নিয়ে?

A. ১০

B. ১৫

C. ১২

D. ১৯

ব্যাখ্যা : • ICJ (International Court of Justice) প্রতিষ্ঠিত হয় - ২৪ অক্টোবর, ১৯৪৫।

• সদর দপ্তর - দি হেগ, নেদারল্যান্ডস।

• বর্তমান প্রেসিডেন্ট - রুনি আব্রাহাম, ফ্রান্স (সভাপতি ৩ বছরের জন্য নিযুক্ত হয়)

• বিচারক সংখ্যা - ১৫

Ans : B.

৬৩. বিশ্বব্যাপকের অভিমত অনুসারে সূচক কয়টি?

A. ৫

B. ৬

C. ১০

D. ১৫

ব্যাখ্যা : বিশ্বব্যাপকের অভিমত অনুসারে সুশাসনের ৬টি সূচক হচ্ছে-

১. জবাবদিহিতা।

২. রাজনৈতিক স্থিতিশীলতা এবং সহিংসতার অনুপস্থিতি।

৩. সরকারের কার্যকারিতা।

৪. মান নিয়ন্ত্রক।

৫. আইনের শাসন।

৬. দুর্নীতি নিয়ন্ত্রণ।

Ans : B.

৬৪. নির্দিষ্ট স্বার্থের বন্ধনে আবদ্ধ ও স্বার্থ সম্পর্কে সজাগ ব্যক্তি সমষ্টিকে বলা হয়-

A. রাজনৈতিক দল

B. স্বার্থ গোষ্ঠী

C. চাপ সৃষ্টিকারী গোষ্ঠী

D. সামাজিক সংঘ

ব্যাখ্যা : • "সমন্বিতভাবে সদস্যদের নিয়ে গঠিত গোষ্ঠীকে চাপ সৃষ্টিকারী গোষ্ঠী বলে।"

• এরা সংগঠিত সামাজিক গোষ্ঠী এবং এদের সুনির্দিষ্ট স্বার্থ বা লক্ষ্য থাকে।

Ans : B

৬৫. বাংলাদেশের জাতীয় সংসদের অধিবেশন কে আহ্বান করেন?

A. প্রধানমন্ত্রী

B. স্পিকার

C. রাষ্ট্রপতি

D. প্রধান নির্বাচন কমিশনার

ব্যাখ্যা : • সংসদের প্রথম বৈঠকের স্থান ও সময় নির্ধারণ করেন- রাষ্ট্রপতি।

• সংসদ কক্ষের সামনের দিকের আসনগুলোকে- ট্রেজারি বা ফ্রন্ট বেঞ্চ বলা হয়।

• সংসদে ফ্লোরক্রসিং হচ্ছে- অন্য দলে যোগদান কিংবা নিজ দলের বিপক্ষে ভোট দান।

• সংসদ অধিবেশন আহ্বান ও স্থগিত করার অধিকার- রাষ্ট্রপতির।

Ans : C.

বুদ্ধিমত্তা

৬৬. কবির সবসময় সুন্দরের পূজারী হয়ে থাকেন।

কিছু সুন্দরের পূজারী মিষ্টভাষী হয়ে থাকেন।

কবির সবসময় মিষ্টভাষী হয়ে থাকেন।

যদি প্রথম দুটি বাক্য সত্য হয় তাহলে শেষেরটি-

A. সত্য

B. মিথ্যা

C. অনির্ধারণযোগ্য

D. তর্ক সাপেক্ষ

ব্যাখ্যা : সকল সুন্দরের পূজারী মিষ্টভাষী না। সুতরাং শেষের বাক্যটি মিথ্যা।

Ans : B.

শিক্ষার সবকিছু পাঠশালায়

৬৭. মগবাজারের বাড়িগুলো দেখতে গুলশানের বাড়িগুলোর চেয়ে ভালো। কিন্তু গুলশানের বাড়িগুলো দেখতে বারিধারার বাড়িগুলোর চেয়ে ভালো। আবার বারিধারার বাড়িগুলো দেখতে বাজার বাড়িগুলোর চেয়ে ভালো। অতএব বাজার বাড়িগুলো দেখতে রামপুরার বাড়িগুলোর চেয়ে ভালো। যদি প্রথম তিনটি বাক্য সত্য হয় তাহলে শেষেরটি-

- A. সত্য B. মিথ্যা
C. তর্ক সাপেক্ষ D. অনিরূপণযোগ্য

ব্যাখ্যা : মগবাজার > গুলশান > বারিধারা > বাজার। এখানে, কোথাও রামপুরা উল্লেখ নেই। তাই, শেষের তুলনাটি অনিরূপণযোগ্য।

Ans : D.

৬৮. বক্তব্য: কিছু অস্ত্র ধারালো। সব অস্ত্র-ই জং-ধরা।

-এ থেকে বোঝা যায়:

- i. কিছু জং-ধরা অস্ত্র ধারালো।
ii. কিছু জং-ধরা অস্ত্র ধারালো নয়।

- A. i B. ii C. i ও ii D. কোনটিই নয়

Ans : C.

৬৯. বক্তব্য: সব খেলনাই লাল রঙের। কিছু খেলনা ভারী।

-এ থেকে বোঝা যায়:

- i. সব ভারী খেলনাই লাল রঙের।
ii. সব হালকা খেলনা লাল রঙের নয়।

- A. i B. ii C. i ও ii D. কোনটিই নয়

Ans : A.

৭০. নিচের বাক্যে দুটির সম্পর্ক নিরূপণ কর:

১. পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা পদমর্যাদা এবং স্বতন্ত্র বেতন স্কেলের দাবিতে আন্দোলন করছেন।
২. পৈ-কমিশন স্বতন্ত্র বেতন স্কেলের বিধান পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য রাখেনি।

- A. ১নং বাক্যটি কারণ আর ২নং বাক্যটি হলো তার ফল
B. ২নং বাক্যটি কারণ আর ১নং বাক্যটি হলো তার ফল
C. ১ ও ২ উভয় বাক্যই স্বতন্ত্র কারণসমূহের ফল
D. ১ ও ২ উভয় বাক্যই কোন সাধারণ কারণের ফল

Ans : B.

৭১. ইদানিং চাকরি জগতে নতুন ধরনের সামাজিক মূল্যবোধ চোখে পড়ে। দশ বছর আগে কাউকে যদি পদোন্নতি দিয়ে দূরের কোন জেলায় বদলি করা হত, তা নিয়ে ঐ ব্যক্তি আপত্তি করতো না। এখন কিন্তু একই পরিস্থিতিতে একজন মানুষ ক্যারিয়ারের উন্নতির চেয়ে পরিবারের সান্নিধ্যকেই বেশি গুরুত্ব দেবে।

-এ থেকে বোঝা যায়:

- A. বেশিরভাগ লোকেই কর্মক্ষেত্রের প্রতি অনুগত নয়
B. চাকুরের চাওয়া-পাওয়ার মূল্য কাজের দুনিয়ায় নেই
C. দশ বছরে চাকুরীদের মূল্যবোধের বদল ঘটেছে
D. চাকুরিতে পদোন্নতি গ্রহণ বাধ্যতামূলক করা উচিত

Ans : C.

৭২. গার্মেন্টস সেক্টরে শ্রমিকের অনাকাঙ্ক্ষিত মৃত্যুকে অনেকেই মৃত্যু না বলে হত্যাকাণ্ড হিসেবে অভিহিত করেন; কারণ:

- A. পরিকল্পিতভাবে শ্রমিক হত্যা করা হচ্ছে
B. মালিকরা ক্ষোভবশতঃ শ্রমিক হত্যা করে
C. মৃত্যুবৃদ্ধি সত্ত্বেও তা মোকাবেলায় যথাযত উদ্যোগ নেয়া হয়নি
D. মালিকরা শ্রমিকদেরকে হত্যার হুমকি দিয়ে থাকে

Ans : C.

নিচের অনুচ্ছেদটি পড়ে উত্তর দাও (৭৩-৭৭):

১ থেকে ৬ পর্যন্ত ছয়টি স্বয়ংক্রিয় কাজের প্রতিটি শেষ হতে ১ ঘণ্টা সময় লাগে এবং একটি শেষ হওয়া মাত্রই আরেকটি শুরু হয়। কাজগুলো কিছু শর্ত সাপেক্ষে সবচেয়ে কম সময়ে শেষ করতে হবে। শর্তগুলো হলো:

১. ১ ও ২ কাজ ২টি অন্য যেকোনো কাজ শুরুর আগেই শেষ হবে।
২. ৩ নং কাজটি ৪ নং শুরুর আগেই শেষ হবে।
৩. শুধুমাত্র ৪ ও ৫ ছাড়া একসাথে একাধিক কাজ সম্পন্ন হবে না।

৭৩. নিচের কোন কাজটি ২য় কাজ হতে পারে?

- A. ২ B. ৩ C. ৬ D. ৮

ব্যাখ্যা : এখানে কাজের জন্য অংশ ৬টি এবং কাজও ৬টি। ১ এবং ২নং কাজ হতে হবে সবার আগে। তাই, প্রথম ২ ঘর এবং ২নং কাজের জন্য।

- ১ ২

তাই, ২য় কাজ অবশ্যই ২ নং কাজটি।

Ans : A.

৭৪. সবচেয়ে কম কত সময়ে সবগুলো কাজ শেষ করা যাবে?

- A. ৬ ঘণ্টা B. ৫ ঘণ্টা C. ৪ ঘণ্টা D. ৩ ঘণ্টা

ব্যাখ্যা : এখানে, ৪ এবং ৫নং কাজ একত্রে করা যায়। তাই এই দুটিকে একত্রে ১ ঘণ্টায় করলে অবশিষ্ট ৪টি কাজ ৪ ঘণ্টায় করলে সর্বনিম্ন ৫ ঘণ্টায় সব কাজ করা যায়।

Ans : B.

৭৫. নিচের কোনটি সম্ভব নয়?

- A. ১নং কাজটি ২নং এর আগে B. ৩নং কাজটি ৬নং এর আগে
C. ৬নং কাজটি ৩নং এর আগে D. ৫নং কাজটি ৩নং এর আগে

ব্যাখ্যা : এখানে, ৩নং কাজ ৪নং কাজ শুরুর আগে শেষ হতে হবে।

এবং ৪নং এবং ৫নং কাজ একই সময়ে হবে।

তাই, ৩নং শেষ হলে ৪নং এবং ৫নং হবে।

তাই, ৫নং কাজ ৩নং এর আগে সম্ভব নয়।

Ans : D.

৭৬. ৬নং কাজটি যত আগে শেষ করা যাবে?

- A. ১ম B. ২য় C. ৩য় D. ৫ম

ব্যাখ্যা : এখানে, ১ম এবং ২য় কাজের স্থান নির্দিষ্ট। এরপরে ৬নং কাজ করে ফেলা যায়। পরে ৩য়, ৪র্থ এবং ৫ম। তাই, ৬নং কাজ ৩য় এর আগে করা যায়।

Ans : C.

৭৭. ২নং কাজটি শুরুর আগে নিচের কোন কাজটি করা সম্ভব?

- A. ৩ B. ৮ C. ১ D. ৬

ব্যাখ্যা : ২নং এর আগে কেবল ১নং কাজ সম্ভব।

Ans : C.

৭৮. 'আষাঢ় মাইস্যা ভাসা পানিরে' এই লোকগানটি বাংলাদেশের কোন অঞ্চলের?

- A. পূর্ববঙ্গ B. উত্তরবঙ্গ C. ভাটি অঞ্চল D. বাওর অঞ্চল

Ans : C.

৭৯. 'পাখির নীড়ের মতো চোখ তুলে নাটোরের বনলতা সেন'- 'পাখির নীড়' এখানে কিসের রূপক?

- A. সৌন্দর্যের B. শান্তির C. ঐশ্বর্যের D. দারিদ্র্যের

Ans : A.

৮০. 'গণতন্ত্র যেহেতু জনগণের নির্বাচিত সরকার ব্যবস্থা, সেহেতু গণতান্ত্রিক দেশে সকল কার্যক্রম সম্পর্কে জনগণকে অবগত রাখা উচিত। সরকার পরিচালনার গোপনীয়তা থেকে দুর্নীতি ও অপশাসনের সূচনা হয়'-এই বক্তব্য অনুযায়ী সরকারের কার্যক্রমে থাকতে হবে-

- A. দক্ষতা B. গোপনীয়তা C. স্বচ্ছতা D. সবগুলো

Ans : C.

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (B Unit)
শিক্ষাবর্ষ : 2015-2016 [Set-7]

বাংলা

০১. 'ফাঁপা' শব্দের বিপরীত শব্দ কোনটি?

- A. ভরাট B. ভরতি
C. নিরেট D. বদ্ধ

ব্যাখ্যা :

মূলশব্দ	বিপরীত শব্দ	মূলশব্দ	বিপরীত শব্দ
আঁঠি	শাঁস	উদয়	অস্ত
ইষ্ট	অনিষ্ট	উচাটন	প্রশান্ত
ঈর্ষা	প্রীতি	উদ্ভাসিত	ত্রিয়মান
ঈষৎ	অধিক	উল্লেখ	অনুলেখ
ঈমান	নৈর্ব্যত	ফাঁপা	নিরেট

Ans : C.

০২. কোনটি পারস্পরিক সর্বনাম?

- A. সে নিজে নিজে ছবিটি ঝেঁকে
B. কেউ কেউ ঘটনাটা জানবেন
C. যতক্ষণ শ্বাস, ততক্ষণ আঁশ
D. নিজেরা নিজেরা সমস্যাটি মিটিয়ে ফেল

ব্যাখ্যা : • পারস্পরিক সর্বনাম- 'ওরা পরস্পর বন্ধু ; নিজেরা নিজেরা সমস্যা মিটিয়ে ফেল ।

- অন্যবাচক সর্বনাম- অপরে পারলে তুমি পারবে না কেন ; অন্যের সমালোচনা সহিতে পারি না ।
- সকলবাচক সর্বনাম- সবাই রাসামাটি যাচ্ছে, সকলেই বই পেয়েছে ।
- সংযোগবাচক সর্বনাম- আমি বলি কী, পরীক্ষা এবার দিয়ে দাও ।
- অনির্দিষ্ট সর্বনাম- চলো কোথাও ঘুরে আসি । কেউ কেউ ঘটনাটা শুনে থাকবেন ।

Ans : D.

০৩. 'দুই তীর' কার লেখা?

- A. সৈয়দ আলী আহসান B. রবীন্দ্রনাথ ঠাকুর
C. কাজী নজরুল ইসলাম D. সৈয়দ ওয়ালীউল্লাহ

ব্যাখ্যা : সৈয়দ ওয়ালীউল্লাহ এর উল্লেখযোগ্য-

- উপন্যাস- লালসালু, চাঁদের অমাবস্যা, কান্দো নদী কান্দো ।
ছোটগল্প- নয়নচারা, দুই তীর, গল্প সমগ্র ।
নাটক- সুড়ঙ্গ, তরঙ্গভঙ্গ, বহির্পীর, উজানে মৃত্যু ।

Ans : D.

০৪. কোন বাক্যটি সঠিক?

- A. শুধুমাত্র গায়ের জোরে কাজ হয়না
B. কেবলমাত্র গায়ের জোরে কাজ হয় না
C. শুধু গায়ের জোরে কাজ হয়না
D. শুধুই গায়ের জোরে কাজ হয়না

ব্যাখ্যা : কিছু শব্দের অপপ্রয়োগ-

অশুদ্ধ	শুদ্ধ	অশুদ্ধ	শুদ্ধ
আপ্রাণ	প্রাণপন	আয়ত্তাধীন	আয়ত্ত
ইতিপূর্বে	ইতঃপূর্বে	ইতিমধ্যে	ইতোমধ্যে
কেবলমাত্র	কেবল/মাত্র	শুধুমাত্র	শুধু/মাত্র

Ans : C.

০৫. উচ্চারণ বিভাজ্যতার কারণে স্বরধ্বনিকে কয়ভাগে ভাগ করা যায়?

- A. ২ B. ৩
C. ৪ D. ৫

ব্যাখ্যা :

- উচ্চারণের সময় ভিত্তিতে স্বরধ্বনিকে দু ভাগে ভাগ করা যায়-
হ্রস্বস্বর- অ, ই, উ, ঋ
দীর্ঘস্বর- আ, ঈ, এ, ঐ
- উচ্চারণের সময় ভিতরে জিহ্বের অবস্থান বিচারে তিন ভাগে ভাগ করা হয় ।
মৌলিক স্বরধ্বনি- ৭টি- অ, আ, ই, উ, এ, এ্যা, ও ।
যৌগিক স্বরধ্বনি- ঐ, ঔ ।
অর্ধস্বরধ্বনি- অন্তঃস্থ য ও অন্তঃস্থ ব ।

Ans : A.

০৬. কোনটি পার্শ্বিক ব্যঞ্জনধ্বনি?

- A. র B. ল
C. ব D. ঢ

ব্যাখ্যা : নাসিক্য- ম, ন, ঙ ।
ঘৃষ্ট- চ, ছ, জ, ঝ
উন্ম- স, শ, হ ।
পার্শ্বিক- ল ।
সন্নিভ- ও, ঐ ।

Ans : B.

০৭. 'রাজি' শব্দের সমার্থক শব্দ কোনটি?

- A. বহী B. অহ
C. অহ D. যামিনী

ব্যাখ্যা : রাজি- অমা, নিশি, যামিনী, যামী, শবরী, বিভাবরী, ক্ষণদা, ত্রিয়ামা, তামসী, অসুরা, নিশীথিনী ।

Ans : D.

০৮. কোনটি নির্দিষ্টতাবাচক বিশেষণ?

- A. সপ্তদশ জন্মদিন B. এক টাকা
C. এই লোক D. দুই কিলোমিটার রাস্তা

ব্যাখ্যা : নির্দিষ্টতাবাচক বিশেষণ- যে বিশেষণ শব্দকে নির্দিষ্ট করে দেয় ।
যেমন- এই দিনে, সেই সময়, এই মার্চ ।

Ans : C.

০৯. "অতটুকু বুকে লুকাইয়াছিল কে জানিত কত ব্যথা"। উক্তিটি কোন গল্পের/কবিতার?

- A. জীবন বন্দনা B. কবর
C. পাঞ্জেরি D. ব্যথার দান

ব্যাখ্যা : বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয় ।

Ans : B.

১০. পরিশীলিত রম্যরচনায় সিদ্ধহস্ত ছিলেন-

- A. প্রমথ চৌধুরী B. সুকান্ত ভট্টাচার্য
C. অমিয় চক্রবর্তী D. মধুসূদন দত্ত

ব্যাখ্যা : • প্রমথ চৌধুরী পরিশীলিত রম্যরচনায় পারদর্শী ছিলেন ।

- বাংলা সাহিত্যের প্রথম বিদ্রূপাত্মক প্রবন্ধ তিনি রচনা করেন ।
- তার প্রবন্ধমহ- তেল-নুন-লাকড়ি, বীরবলের হালখাতা, আমাদের শিক্ষা, রায়তের কথা, নানাচর্চা ইত্যাদি ।

Ans : A.

English

Read the passage and answer the following questions from (11 to 15):

Actors are the most recognizable, most promotable, sometimes the most memorable element of the film. They create an illusion of embodiment, of giving story flesh and bone. They are turned into simulacra of our desire-representations of what we think we want to see.

They are our collective imaginary, the cultural repository of images of beauty, sexuality, romance, strength and power. Filmmakers, who at first (long ago, at the turn of the century) tried to keep their players anonymous so they wouldn't have to pay them a lot of money, soon had to yield to public curiosity public desire- and activity promote the people who turned out to be their most valuable commodity. Good film actors and actresses often have the talent to create a role within a film to another. We saw an example of this in Jimmy Stewart. Some screen players create personae, versions of themselves that are made up of attitudes, gestures and facial expressions so coherent and maintainable that they become instantly recognizable and - sometimes more interesting than the particular film they are in. When this is combined with the elaboration of a cultural myth about the actor's persona, a story built up in the collective popular consciousness from the actors' role and publicity, a figure is acted that transcends his or her individual films.

11. The feature of good actor/actress is that-

- A. They keep good terms with the directors
- B. They often transcend their style from one film to another.
- C. They are always learning
- D. They are active

ব্যাখ্যা : Passage এর শেষ লাইনে বলা হয়েছে a figure is created that Transcends his or her individual films যা একজন good actor /actress এর গুরুত্বপূর্ণ feature.

• transcends- ছাপিয়ে যাওয়া।

Ans : B.

12. According to the piece, actors in the past remained-

- A. Very known
- B. Anonymous
- C. Were grateful to their filmmakers
- D. Unsure about their future

ব্যাখ্যা : Passage এ উল্লেখ রয়েছে Filmmakers who at first (long ago at the turn of the century) tried to keep their players anonymous এর মানে হল In the past (অতীতে) actors বা Anonymous থাকত।

Ans : B.

13. Actors are-

- A. Simulacra of our desire
- B. Transcending personae
- C. Takes away a good portion of the cost of the film
- D. People with-magical ability

ব্যাখ্যা : Passage এর ২য় Sentence এ বলা হচ্ছে they (Actors/Actress) are turned into simulacra of our desire.

• Simulacra of our desire - আমাদের চিন্তা চেতনার প্রতিমূর্তি।

Ans : A.

14. What would be the best way to describe this short paragraph?

- A. The actor
- B. Filmmakers and actors
- C. problems of film making
- D. Actor's personae

ব্যাখ্যা : This passage is combined with the elaboration of a cultural myth about the actor's personae অর্থাৎ অভিনেতা অভিনেত্রীদের সমস্ত বৈশিষ্ট্যকেই নির্দেশ করা হয়েছে এই passage এ।

Ans : D.

15. Actors seen in this chapter as the most-

- A. Expensive element
- B. Expected in film
- C. Memorable element
- D. Welcomed in film

ব্যাখ্যা: passage এর ১ম লাইন- Actors are the most recognizable, most promotable, sometimes the most memorable element of the film এ থেকে সঠিক উত্তর পাওয়া যায় C.

Ans : C.

Choose the underlined word or phrase that is incorrect/must be changed in order for the sentence to be correct (16-17)

16. The students the audience became restive and noisy when the curtain failed to raise at the scheduled time.

- A. raise
- B. when
- C. became
- D. scheduled

ব্যাখ্যা : To be raised হবে অর্থাৎ Curtain বা পর্দা একা উঠে না। কাউকে না কাউকে পর্দা উঠাতে হয় তাই Passive Voice হবে।

Ans : A.

17. While rain has long been as a water source in areas where well water is unavailable or tainted, the amounts collected are usually small and rarely suitable to consumption without treatment.

- A. while
- B. suitable to
- C. or
- D. where

ব্যাখ্যা : অপশন B তে suitable to না হয়ে suitable for হবে। তাই এখানে incorrect হল B.

Ans : B.

!!! বের হয়েছে !!!

পানকৌড়ি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়-এর শতভাগ

ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক

- ◆ বিজ্ঞান - A Unit
- ◆ মানবিক - B Unit
- ◆ বিবিএ ও আইবিএ - E Unit
- ◆ বিজ্ঞান - D Unit
- ◆ মানবিক - C Unit

Choose the correct word that best completes the sentence (18-19).

18. By nature Toshiro was _____, given to striking up casual conversations with strangers he encountered at bus stops or check-out stands.

- A. gregarious B. observant
C. reticent D. diffident

ব্যাখ্যা : Strike up - কারো সাথে কথা বলা শুরু করা
Casual Conversation - সাধারণ কথাবার্তা
Gregarious - সঙ্গপ্রিয় Reticent - অল্পভাষী
Observant - মনোযোগী diffident - সংশয়ী
এখানে Toshiro এর স্বভাব নিয়ে বলা হয়েছে। যেখানে Toshiro যেকোন জায়গায় যে কারো সাথে মিলে যেতে পারে, এজন্য সঠিক উত্তর A কারণ Toshiro ছিল Gregarious (সঙ্গপ্রিয়)।
Ans : A.

19. The seventeenth-century writer Mary Astell was a rare phenomenon, a single woman who maintained and even — a respectable reputation while earning a living by her pen.

- A. eclipsed B. decimated
C. enhanced D. impaired

ব্যাখ্যা :
Eclipsed - হ্রাস করা, ম্লান করা। Decimated - ধ্বংস করা
Enhanced - উন্নত Impaired - ক্ষতি করা / বিজল করা।
লেখনির মাধ্যমে লেখিকা Mary Astell তার সম্মান উন্নত করেছিল বোঝাতে C সঠিক।
Ans : C.

Choose the best alternative that expresses the meaning of the original sentence (20-21).

20. At an early stage in his travels, Henry James writing form abroad, described the subtle difference distinguishing Americans from Europeans.

- A. At the early stage in his travels, Henry James writing
B. At the early stage, Henry James was written
C. At the early stage in his travels, Henry James wrote
D. At the early stage, Henry James had written

ব্যাখ্যা : At the early stage in his travels হচ্ছে Adverbial phrase যা দ্বারা সময়ে নির্দেশ করছে। Henry James লেখার কাহিনি অতীতে করেছেন। তাই Henry James wrote হবে (Past Indefinite tense) Option A তে কোনো finite verb নেই তাই ভুল। Option B তে verb এর form ভুল হয়েছে ও Option D তে বাক্যের সম্পূর্ণ করা আসে নি। তাই C সঠিক।
Ans : C.

21. An important factors in the spread of disease is when people fail to practice proper hygiene.

- A. An important factor
B. Much of the spread of diseases to the fact the when
C. Much of the spread of diseases results from when
D. An important factor in spreading of disease is when

ব্যাখ্যা : Option (D) তে An important factor হচ্ছে subject যা Singular এজন্য এখানে verb ও হবে singular (is) তাই D সঠিক উত্তর।
• Singular Subj. + Singular Verb
• Plural Subj. + Plural Verb
Ans : D.

22. CASTIGATE is the most nearly opposite meaning to-

- A. Extol B. Remit
C. Change D. Flatten

ব্যাখ্যা : Castigate - তীব্র নিন্দার মাধ্যমে কঠিন শাস্তি দেওয়া।
Extol - উচ্চ প্রশংসা করা
Remit - ক্ষমা করা
Flatten - চেষ্টা করা
Antonym - Extol, Compliment, Laud, Praise.
Synonym - Beat, Criticize, Punish.
Ans : A.

23. INADVERTENT is the most nearly similar meaning to-

- A. Unintentional B. Inadequate
C. Inertia D. Ingest

ব্যাখ্যা : Inadvertent - অসাবধানী / অমনোযোগী।
Unintentional - অপরিকল্পিত Inadequate - অপര്യാপ্ত
Inertia - জড়তা Ingest - গলাধঃকরণ করা।
Synonym - Unintentional, Moony, Unthinking.
Antonym - Advertent, Attentive, Planned.
Ans : A.

Select the pair that best expresses a relationship similar to the original (24-25).

24. MYTH: LEGENDARY

- A. sermon: lengthy B. anecdote: witty
C. fable: didactic D. epic: conic

ব্যাখ্যা : Myth (পুরানকথা) : Legendary (পৌরাণিক)
A. Sermon (নৈতিক বক্তৃতা) : Lengthy (দীর্ঘ)
B. Anecdote (গল্প) : witty (রসাত্মক)
C. Fable (উপকথা) : Didactic (নীতিমূলক)
D. Epic : Conic (মোচাকৃতি)
Myth (পুরানকথা) কে Legendary (পৌরাণিক) বলে আর Fable (উপকথা) কে Didactic (নীতিমূলক) বলে।
Ans : C.

25. EXPEDITIOUS: SPEED

- A. astute: wisdom B. decorous: impropriety
C. thoughtful: inanity D. haggard: sturdiness

ব্যাখ্যা : Expeditious (দ্রুত কার্যকর) : Speed (গতি)
A. Astute (বিচক্ষণ) : Wisdom (জ্ঞান / বিজ্ঞতা)
B. Decorous (শোভন) : Impropriety - (অশোভনতা)
C. thoughtful : Inanity (তানোরতা)
D. Haggard (জীর্ণশীর্ণ) : Sturdiness
Speed (গতি) থাকলে Expeditious (দ্রুত কার্যকর) ভাবে কাজ হয় এবং wisdom (জ্ঞান) থাকলে Astute (বিচক্ষণ) হয়।
Ans : A.

গণিত

২৬. $\sec \theta \sqrt{1 - \sin 2\theta}$ এর মান কত?
 A. $\sin \theta$ B. 1
 C. $\cos \theta$ D. কোনটিই নয়

ব্যাখ্যা :

$$\sec \theta \sqrt{1 - \sin 2\theta} = \sec \theta \sqrt{\sin^2 \theta + \cos^2 \theta - 2 \sin \theta \cos \theta}$$

$$= \sec \theta \sqrt{(\sin \theta + \cos \theta)^2} = \frac{1}{\cos \theta} (\sin \theta + \cos \theta) = \tan \theta + 1$$

Ans : D.

২৭. পরপর তিনটি সংখ্যার গুণফল 120, তাদের যোগফল হবে-
 A. 9 B. 12 C. 15 D. 18

ব্যাখ্যা : $120 = 2 \times 2 \times 2 \times 3 \times 5$
 $= (2 \times 2) \times (2 \times 3) \times 5 = 4 \times 5 \times 6$
 \therefore এদের যোগফল $= 4 + 5 + 6 = 15$

Ans : C.

২৮. 50° কোণের সম্পূরক কোণ কত?
 A. 180° B. 130° C. 40° D. 100°

ব্যাখ্যা : 50° এর সম্পূরক কোণ $= 180^\circ - 50^\circ = 130^\circ$
 Ans : B.

২৯. $(\sqrt{7} \cdot \sqrt{2})^4$ এর মান কত?
 A. 14 B. 196 C. 96 D. 148

ব্যাখ্যা : $(\sqrt{7} \cdot \sqrt{2})^4 = (\sqrt{7})^4 \cdot (\sqrt{2})^4 = 7^2 \cdot 2^2 = 196$
 Ans : B.

৩০. নিচের তথ্যগুলো লক্ষ করি এবং সত্যতা নিরূপন করি:
 i. বৃত্তের যেকোনো বিন্দুতে অঙ্কিত স্পর্শক স্পর্শ বিন্দুগামী ব্যাসার্ধের উপর লম্ব।
 ii. স্পর্শবিন্দুতে স্পর্শকের উপর অঙ্কিত লম্ব কেন্দ্রগামী নয়।
 iii. বৃত্তের যেকোন বিন্দুতে একটিমাত্র স্পর্শক অঙ্কন করা যায়।
 A. i. ও ii. B. i. iii ও ii.
 C. ii. ও iii. D. i. ও iii.

Ans : D.

৩১. $3a - [3a - \{a - (a - 1)\}] = 0$
 A. 0 B. 3 C. 1 D. $3a - 1$

ব্যাখ্যা : $3a - [3a - \{a - (a - 1)\}]$
 $= 3a - [3a - \{a - a + 1\}] = 3a - [3a - \{1\}]$
 $= 3a - [3a - 1] = 3a - 3a + 1 = 1$

Ans : C.

৩২. নিচের কোনটি প্রথম n -সংখ্যক স্বাভাবিক সংখ্যার বর্গের সমষ্টির সূত্র?

- A. $\frac{n(n+1)(2n+1)}{3}$ B. $\frac{n}{2} \{2a(n-1)d\}$
 C. $\frac{n(n+1)(2n+1)}{6}$ D. $\left\{ \frac{n(n+1)}{2} \right\}^2$

- ব্যাখ্যা : option A : সূত্র সঠিক নয়।
 option B : n সংখ্যক সংখ্যার সমষ্টি, যেখানে ১ম পদ $= a$, সাধারণ অন্তর $= d$
 option D : n সংখ্যক স্বাভাবিক সংখ্যার ঘনের সমষ্টি
 option C : n সংখ্যক স্বাভাবিক সংখ্যার বর্গের ঘনের সমষ্টি।
 Ans : C.

৩৩. $M : N = 3 : 5$ হলে $5M : 6N = ?$
 A. 2 : 1 B. 15 : 30
 C. 3 : 5 D. 5 : 6

ব্যাখ্যা : $M : N = 3 : 5 \Rightarrow 5M : 6N = (3 \times 5) : (6 \times 5)$
 $= 15 : 30$

Ans : B.

৩৪. $a^2 = \sqrt{2}a - 1$ হলে $a^3 + \frac{1}{a^3}$ এর মান কত?
 A. $\sqrt{2}$ B. $2\sqrt{2}$
 C. 0 D. কোনটিই নয়

ব্যাখ্যা : $a^2 = \sqrt{2}a - 1 \Rightarrow a^2 + 1 = \sqrt{2}a$
 $\Rightarrow \frac{a^2 + 1}{a} = \sqrt{2} \Rightarrow a + \frac{1}{a} = \sqrt{2} \Rightarrow \left(a + \frac{1}{a}\right)^3 = (\sqrt{2})^3$
 $\Rightarrow a^3 + \frac{1}{a^3} + 3a \cdot \frac{1}{a} \left(a + \frac{1}{a}\right) = 2\sqrt{2}$
 $\Rightarrow a^3 + \frac{1}{a^3} + 3\sqrt{2} = 2\sqrt{2}$
 $\Rightarrow a^3 + \frac{1}{a^3} = 2\sqrt{2} - 3\sqrt{2} = -\sqrt{2}$
 Ans : D.

৩৫. একটি সমবৃত্তভূমিক কোণকের উচ্চতা ৪ সে.মি এবং ভূমির ব্যাসার্ধ ৬ সে.মি হলে এর সম্পূর্ণ তলের ক্ষেত্রফল কত বর্গ সে.মি?
 A. 188.49 B. 301.59
 C. 904.78 D. কোনটিই নয়

ব্যাখ্যা : সমবৃত্তভূমিক কোণকের সমগ্র তলের ক্ষেত্রফল $= \pi r (r + l)$
 হেলানো উচ্চতা, $l = \sqrt{h^2 + r^2}$; $h =$ উচ্চতা, $r =$ ব্যাসার্ধ
 $\therefore l = \sqrt{8^2 + 6^2} = 10$
 \therefore সমগ্রতলের ক্ষেত্রফল $= \pi \times 6 \times (10 + 6) = 301.59$
 Ans : B.

৩৬. চালের দাম 25% বেড়ে যাওয়ায়, এক ব্যক্তি চালের ব্যবহার শতকরা কত কমালে এ বাবদ খরচ বৃদ্ধি পাবে না?
 A. 20% B. 25% C. 30% D. 15%

ব্যাখ্যা : দাম 25% বেড়ে যাওয়ায়,
 বর্তমানে 125 টাকায় পাওয়া যায় পূর্বের 100 টাকার চাল
 \therefore বর্তমানে 1 টাকায় পাওয়া যায় পূর্বের $\frac{100}{125}$ টাকার চাল
 \therefore বর্তমানে 100 টাকায় পাওয়া যায় পূর্বের $\frac{100 \times 100}{125}$ টাকার চাল
 $= 80$ টাকার চাল
 \therefore শতকরা ব্যবহার কমাতে হবে $= (100 - 80) = 20$ টাকার চালের।
 Ans : A.

৩৭. $f(x) = 2x^2 - 5x + 3$ হলে, $f(2)$ এর মান কত?

- A. -1 B. 0
C. 1 D. 2

ব্যাখ্যা : $f(x) = 2x^2 - 5x + 3$
 $\therefore f(2) = 2 \times (2)^2 - (5 \times 2) + 3$
 $= 8 - 10 + 3 = 1$


Ans : C.

৩৮. একটি বাড়ি ৪ ফুট উঁচু। একটি মইয়ের তলদেশ মাটিতে বাড়ির দেয়াল থেকে ৬ ফুট দূরে রাখা। উপরে মইটি বাড়ির ছাদ ছুঁয়ে আছে। মইটি কত ফুট লম্বা হবে?

- A. 14 B. 15 C. 10 D. 20

ব্যাখ্যা :

বাড়ি, $AB = 8$ ফুট
মাটিতে মই এর দূরত্ব, $BC = 6$ ফুট



পীথাগোরাসের উপপাদ্য অনুসারে মই এর দৈর্ঘ্য, $AC = \sqrt{8^2 + 6^2} = 10$

Ans : C.

৩৯. একটি ত্রিভুজের তিনটি কোণের অনুপাত 3:5:7, বৃহত্তম কোণ কোনটি?

- A. 75° B. 90° C. 84° D. 120°

ব্যাখ্যা : অনুপাতত্রয়ের যোগফল $= 3 + 5 + 7 = 15$
এখানে, বৃহত্তম সংখ্যা 7।

\therefore বৃহত্তম কোণ $= (180^\circ \text{ এর } \frac{7}{15}) = 84^\circ$

Ans : C.

৪০. ত্রিভুজের সর্বসম হবে, যদি-

- A. দুটি ত্রিভুজের বাহুগুলো পরস্পর সমান হয়
B. দুই কোণ ও এক বাহু অপরটির দুই কোণ ও অনুরূপ বাহুর সমান
C. A ও B D. কোনটিই নয়

Ans : C.

সাধারণ জ্ঞান

৪১. পর্যটন শিল্পের প্রচার ও বিপণনের ক্ষেত্রে ভোলা জেলার নিজস্ব ব্র্যান্ডিং - এর জন্য কোন নামটি চূড়ান্ত করা হয়েছে?

- A. দ্বীপের রানি B. দধির ভূমি
C. ইলিশ রাজ্য D. স্বর্গের দ্বীপ

Ans : A

৪২. পদ্মা সেতুতে প্রস্তাবিত রেল যোগাযোগ ব্যবস্থায় ট্রেনের গতিবেগ প্রতি ঘণ্টায় কত?

- A. ১৮০ কি.মি B. ১৬০ কি.মি C. ১২০ কি.মি D. ১৯০ কি.মি

ব্যাখ্যা : • প্রথম পদ্মা সেতু নির্মিত হচ্ছে - মাওয়া (মুন্সীগঞ্জ) - জাজিরা (শরীয়তপুর) পয়েন্ট।

• দৈর্ঘ্য - ৬.১৫ কি.মি, প্রস্থ - ১৮.১০ মিটার।
• এটি দ্বিতল বিশিষ্ট (উপড়ে সড়ক ও নিচে রেলপথ) পাইল সংখ্যা - ২৬৪ (লেন - ৪টি)

Ans : C.

৪৩. বর্তমানে পৃথিবীর বৃহত্তম অর্থনীতির দেশ-

- A. ভারত B. যুক্তরাষ্ট্র
C. চীন D. যুক্তরাজ্য

ব্যাখ্যা : • বিশ্ব জিডিপি (GDP) তে প্রথম অবস্থানে রয়েছে - মার্কিন যুক্তরাষ্ট্র, দ্বিতীয় - চীন, তৃতীয় - জাপান।

Ans : B

৪৪. অর্থনীতিতে ২০১৫ সালে নোবেল পুরস্কার লাভ করেন-

- A. জ্যা পল সাত্রে B. অ্যাসাস ডেটন
C. জ্যা তিরোল D. ফ্রান্সোয়া মেতেরা

ব্যাখ্যা : • অর্থনীতিতে নোবেল পুরস্কার প্রবর্তন করা হয় - ১৯৬৮ সালে।

• অর্থনীতিতে প্রথম নোবেল পুরস্কার প্রদান করা হয় - ১৯৬৯ সালে।
• ২০১৬ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার লাভ করেন- অলিভার হার্ট (ব্রিটিশ বংশোদ্ভূত মার্কিন) এবং বেংট হমস্ট্রোম (ফিনল্যান্ডে জনপ্রহরণকারী মার্কিন)।

Ans : B.

৪৫. বাংলাদেশের নবীনতম ভূমিরূপ কোনটি?

- A. সোপানভূমি B. প্লাবনভূমি
C. পাহাড়সমূহ D. টিলাভূমি

ব্যাখ্যা : ভূ-প্রকৃতি অনুসারে বাংলাদেশকে ৩ ভাগে ভাগ করা হয়েছে-

১. টারশিয়ারি যুগের পাহাড় সমূহ।
 ২. প্লাইস্টোসিন কালের সোপান সমূহ।
 ৩. সাম্প্রতিক কালের প্রারম্ভিক সমভূমি।
- বাংলাদেশের নদী বিধৌত বিস্তীর্ণ সমভূমি নিয়ে প্লাবন সমভূমি অঞ্চল গঠিত।

Ans : B.

৪৬. বাংলাদেশের টারশিয়ারি ভূমিরূপ কী দ্বারা গঠিত?

- A. থানাইট-মার্বেল-শেল B. বালি-পলি-কর্দম
C. বেলেপাথর-শেল-কর্দম D. শেল-কর্দম-পলি

ব্যাখ্যা : • টারশিয়ারি যুগের পাহাড় সমূহ বাংলাদেশের - দক্ষিণ পূর্ব, উত্তর ও উত্তর পূর্বাঞ্চল নিয়ে গঠিত।

• বাংলাদেশের পাহাড় শ্রেণির ভূমিরূপ - টারশিয়ারি যুগের।
• টারশিয়ারি যুগের পাহাড়সমূহ - বেলে পাথর, শেল ও কর্দম দ্বারা তৈরি।

Ans : C

৪৭. বাংলাদেশের কোন সঞ্চয়জাত ভূমিরূপটি দেখা যায়?

- A. ব-দ্বীপ B. পলল পাখা
C. প্লাবনভূমি D. সবগুলো

ব্যাখ্যা : বাংলাদেশের প্লাবন সমভূমির শ্রেণিবিভাগ ও বিস্তৃত অঞ্চল :-

সমভূমি	বিস্তীর্ণ এলাকা
পাদদেশীয় সমভূমি	রংপুর ও দিনাজপুর।
বন্যা প্লাবন সমভূমি	ঢাকা, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, পাবনা, কুষ্টিয়া, নোয়াখালী ও সিলেট।
ব-দ্বীপ সমভূমি	ফরিদপুর, কুষ্টিয়া, যশোর, খুলনা ও ঢাকা অঞ্চলের অংশবিশেষ
উপকূলীয় সমভূমি	নোয়াখালী ও ফেনী নদীর নিম্নভাগ থেকে কক্সবাজার পর্যন্ত।
স্রোতজ সমভূমি	খুলনা ও পটুয়াখালী অঞ্চল এবং বরগুনার কিয়দংশ।

Ans : D

৪৮. IMF -এর পূর্ণরূপ কী?

- A. Islamic Monetary Fund
B. International Monetary Forum
C. International Monetary Fund
D. Islamic Monetary Forum

ব্যাখ্যা : • IMF (International Monetary Fund) প্রতিষ্ঠা- ১৯৪৪ সাল।

- কার্যক্রম শুরু - ১ মার্চ, ১৯৪৭ সালে।
- সদর দপ্তর - ওয়াশিংটন ডিসি (যুক্তরাষ্ট্র)
- সদস্য সংখ্যা - ১৮৯ (সর্বশেষ - নাউরু - ১২ এপ্রিল, ২০১৬)
- পরিচালনা পর্ষদের সদস্য সংখ্যা - ২৪ জন।
- বর্তমান ও প্রথম নারী ব্যবস্থাপনা পরিচালক - ক্রিস্টিন লাগার্ড, ফ্রান্স।

Ans : C.

৪৯. বাংলাদেশের সংবিধানের চতুর্থ সংশোধনীর প্রধান বৈশিষ্ট্য হচ্ছে-

- A. সংসদীয় সরকার ব্যবস্থা প্রবর্তন
B. রাষ্ট্রপতিশাসিত সরকার ব্যবস্থা প্রবর্তন
C. সামরিক শাসন বলবৎকরণ
D. যুদ্ধপরাধীদের বিচার নিশ্চিতকরণ

ব্যাখ্যা : চতুর্থ সংশোধনীর প্রধান বিষয়বস্তু-

- সংসদীয় শাসন পদ্ধতির পরিবর্তে রাষ্ট্রপতি শাসিত শাসন পদ্ধতি চালু।
- বহুদলীয় রাজনীতির পরিবর্তে একদলীয় রাজনীতি প্রবর্তন।
- বা ক শা ল গঠন।

Ans : B.

৫০. স্থানীয় শাসন বিধান সম্পর্কে বাংলাদেশের সংবিধানের কত অনুচ্ছেদ বলা হয়েছে?

- A. ৫৯ ও ৬০
B. ৪০ ও ৪১
C. ৬২ ও ৬৩
D. ১৯ ও ২০

ব্যাখ্যা : সংবিধানের ৫৯ ও ৬০ নং অনুচ্ছেদে স্থানীয় শাসন বিধান সম্পর্কে উল্লেখ করা হয়েছে।

Ans : A.

৫১. লালমাই পাহাড় কোন ধরনের ভূমিরূপ?

- A. টারশিয়ারি পাহাড়
B. প্রায়োস্টোসিন সোপান
C. জুরাসিক পাহাড়
D. মায়োসিন পাহাড়

ব্যাখ্যা : • প্রায়োস্টোসিন যুগে দেশের উত্তর পশ্চিমাঞ্চলের বরেন্দ্রভূমি, মধ্যভাগের মধুপুর ও ভাওয়ালের গড় এবং কুমিল্লা জেলার লালমাই পাহাড় গঠিত হয়।

- লালমাই পাহাড়ের অবস্থান - কুমিল্লার লালমাই থেকে ময়নামতি পর্যন্ত।
- লালমাই পাহাড়ের আয়তন - ৩৪ বর্গ কি.মি.।

Ans : B

৫২. বাংলাদেশে স্পিকারকে শপথ বাক্য পাঠ করান-

- A. প্রধান বিচারপতি
B. সংসদ সদস্য
C. প্রধানমন্ত্রী
D. রাষ্ট্রপতি

ব্যাখ্যা : শপথ পাঠদানকারী :

শপথ পাঠদানকারী	শপথ গ্রহণকারী
রাষ্ট্রপতি	প্রধানমন্ত্রী ও মন্ত্রী পরিষদ, স্পিকার ও ডেপুটি স্পিকার, প্রধান বিচারপতি
স্পিকার	রাষ্ট্রপতি (পঞ্চদশ সংশোধনীর পূর্বে ছিল প্রধান বিচারপতি), প্রধান নির্বাচন কমিশনার ও কমিশনারবৃন্দ, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক।
প্রধান বিচারপতি	সরকারী কর্মকমিশনের চেয়ারম্যান ও সদস্য, সুপ্রীম কোর্টের আপিল ও বিচার বিভাগের বিচারপতি

Ans : D

৫৩. আইনসভা সংক্রান্ত বিধান শ্রেণীত আছে বাংলাদেশ সংবিধানের কোন ভাগে?

- A. দ্বিতীয়
B. তৃতীয়
C. চতুর্থ
D. পঞ্চম

ব্যাখ্যা : বাংলাদেশ সংবিধানের ভাগ ও বিষয়বস্তু :-

ভাগ	বিষয়বস্তু	ভাগ	বিষয়বস্তু
প্রথম ভাগ	প্রজাতন্ত্র	সপ্তম ভাগ	নির্বাচন
দ্বিতীয় ভাগ	রাষ্ট্র পরিচালনার মূলনীতি	অষ্টম ভাগ	মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক
তৃতীয় ভাগ	মৌলিক অধিকার	নবম ভাগ	বাংলাদেশের কর্মবিভাগ ও জরুরী বিধানাবলী
চতুর্থ ভাগ	নির্বাচনী বিভাগ	দশম ভাগ	সংবিধান-সংশোধন
পঞ্চম ভাগ	আইনসভা	একাদশ ভাগ	বিবিধ
ষষ্ঠ ভাগ	বিচার বিভাগ		

Ans : D

৫৪. যাত্রাবাড়ি ফ্লাইওভারের টোলের শতকরা কতভাগ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে জমা হয়?

- A. ৫%
B. ৭%
C. ৯%
D. ১০%

Ans : A

৫৫. নিচের কোনটি অন্যগুলো থেকে আলাদা?

- A. মৌজা
B. গ্রাম
C. উপজেলা
D. ইউনিয়ন

ব্যাখ্যা : এখানে 'মৌজা' শব্দটি ছাড়া অন্যান্য শব্দ গুলো স্থানীয় সরকার ব্যবস্থার সাথে জড়িত। মৌজা শব্দটি জমি-জমা সংক্রান্ত বিষয়ের সাথে জড়িত।

Ans : A

৫৬. জাতিসংঘের প্রতিষ্ঠাকালীন সদস্য সংখ্যা ছিল-

- A. ৪৫
B. ৪৯
C. ৫০
D. ৫১

ব্যাখ্যা : • জাতিসংঘের অসদস্য পর্যবেক্ষক দেশ- ভ্যাটিকান সিটি ও ফিলিস্তিন।

- সদস্য ছিল কিন্তু বর্তমানে নেই - তাইওয়ান।
- সদস্য পদ ত্যাগ করে পুনরায় যোগদানকারী দেশ - ইন্দোনেশিয়া।
- জাতিসংঘের প্রতিষ্ঠাকালীন সদস্য - ৫১টি।
- বর্তমান সদস্য সংখ্যা - ১৯৩।
- সর্বশেষ (১৯৩তম) সদস্য রাষ্ট্র - দক্ষিণ সুদান - ১৪ জুলাই, ২০১১।

Ans : D.

৫৭. নিচের কোনজন অন্যদের থেকে আলাদা?

- A. জিয়া হায়দার রহমান
B. দাউদ হায়দার
C. তাহমিনা আনাম
D. মনিকা আলী

ব্যাখ্যা : • দাউদ হায়দার - একজন বাংলাদেশি কবি।

- মনিকা আলী - বাংলাদেশে জনগ্রহণকারী - ব্রিটিশ লেখিকা ও উপন্যাসিক।
- তাহমিনা আনাম - ব্রিটিশ বাংলাদেশি লেখিকা, উপন্যাসিক ও কলামিস্ট।
- জিয়া হায়দার রহমান - বাংলাদেশে জন্ম নেওয়া ব্রিটিশ সাহিত্যিক।

Ans : B.

৫৮. নিচের কোনটি অন্যগুলো থেকে আলাদা?

- A. ভাটিয়ালী
B. ভাওয়ালীয়া
C. গল্লীরা
D. বিচ্ছেদী

ব্যাখ্যা : বিচ্ছেদী ছাড়া অন্য সবগুলো আঞ্চলিক লোক সংগীত।

Ans : D

৫৯. বাজেট ২০১৫-২০১৬ অর্থবছরে বাংলাদেশের জিডিপি প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ধরা হয়েছে-

- A. ৬.০০% B. ৬.২%
C. ৭.০০% D. ৭.৫%

ব্যাখ্যা : • ২০২২-২৩ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা ধরা হয়েছে - ৭.৫%।

Ans : C

৬০. টেকসই উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশের প্রস্তাবনা ছিল কয়টি?

- A. ১৬ B. ১৭
C. ১৮ D. ১৯

ব্যাখ্যা : • টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG - Sustainable Development Goals) গৃহীত হয় - ২৫ সেপ্টেম্বর, ২০১৫

• লক্ষ্য - ১৭টি, মেয়াদকাল - ২০১৬-২০৩০ সাল।

Ans : B.

৬১. বাংলাদেশের বৃহত্তম ভূমিরূপটি কিভাবে গঠিত হয়েছে?

- A. প্লেট মুভমেন্টের কারণে B. নগ্নীভবন প্রক্রিয়ায়
C. বিচূর্ণীভবন প্রক্রিয়ায় D. সঞ্চয়ন প্রক্রিয়ায়

Ans : D

৬২. বাংলাদেশের প্রথম প্রশাসনিক পুনর্বিন্যাস কমিটির প্রধান কে ছিলেন?

- A. অধ্যাপক আব্দুর রাজ্জাক B. অধ্যাপক রেহমান সোবহান
C. অধ্যাপক মোজাফ্ফর আহমদ চৌধুরী D. অধ্যাপক নুরুল ইসলাম

ব্যাখ্যা : • বাংলাদেশে এ পর্যন্ত ৭টি প্রশাসনিক সংস্কার বা পুনর্বিন্যাস সম্পন্ন হয়েছে- ১৯৭২ (২টি), ১৯৭৬, ১৯৮২ (২টি), ১৯৮৩ ও ২০০০ সালে।

• প্রথম কমিটি (১৯৭২) এর প্রধান ছিলেন - অধ্যাপক মোজাফ্ফর আহমদ চৌধুরী।

Ans : C.

৬৩. বিশ্বব্যাংকের সংজ্ঞা অনুসারে সুশাসনের কোন সূচকটি সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ?

- A. জনগণের আস্থা B. আমলাদের জবাবদিহিতা
C. স্বচ্ছতা ও জবাবদিহিতা D. সামাজিক ন্যায় বিচার

ব্যাখ্যা : বিশ্বব্যাংকের অভিমত অনুসারে সুশাসনের ৬টি সূচক-

১. জবাবদিহিতা।
২. রাজনৈতিক স্থিতিশীলতা ও সহিংসতার অনুপস্থিতি।
৩. সরকারের কার্যকারিতা। ৪. মান নিয়ন্ত্রক।
৫. আইনের শাসন। ৬. দুর্নীতি নিয়ন্ত্রক।

Ans : C.

৬৪. আমলাতান্ত্রিক কর্তৃক কোন ধরনের নেতৃত্বের উদাহরণ?

- A. প্রশাসনিক নেতৃত্ব B. আইনগত নেতৃত্ব
C. সনাতন নেতৃত্ব D. সম্মোহনী নেতৃত্ব

ব্যাখ্যা : অফিস-আদালত, কল-কারখানা প্রভৃতিতে প্রশাসনিক কর্মকর্তা এবং ব্যবস্থাপকদেরকে ঘিরে যে নেতৃত্ব গঠিত হয় তাকে প্রশাসনিক বা ব্যবস্থাপকের নেতৃত্ব বলে।

Ans : A.

৬৫. নিচের কোনজন অন্যদের থেকে আলাদা?

- A. জসীম উদ্দিন B. ঢালী আল মামুন
C. জয়নুল আবেদীন D. শাহাবুদ্দিন

ব্যাখ্যা : • জসীম উদ্দিন- বাংলাদেশের পদী কবি নামে খ্যাত।

- ঢালী আল মামুন- বাংলাদেশি চিত্রশিল্পী।
• জয়নুল আবেদীন- বাংলাদেশের বিখ্যাত চিত্রশিল্পী।
• শাহাবুদ্দিন আহমেদ- বাংলাদেশের একজন চিত্রশিল্পী।

Ans : A.

বুদ্ধিমত্তা

নিচের অনুচ্ছেদটি পড়ে উত্তর দাও (৬৬-৭০):

আটজনের একটি দলকে তিনটি ভাগে ভাগ হয়ে কাজ করতে হবে। এর মাঝে দুইজন ছাত্রী V এবং X। এবং ছয়জন ছাত্র K, L, M, O, P এবং T. দল গঠনের ক্ষেত্রে কিছু শর্ত প্রযোজ্য:

১. V ১ নং দলে থাকবে।
২. V কোন অবস্থাতেই O এর সাথে থাকবে না।
৩. X কোন অবস্থাতেই P এর সাথে থাকবে না।
৪. L, K, M এক সাথে থাকবে।

৬৬. ১নং দলে কে থাকতে পারবে?

- A. X B. L C. M D. K

ব্যাখ্যা : এখানে, V এর সাথে O থাকবে না, L, K, M একই সাথে থাকবে। তাই, V এর সাথে option A এর X থাকবে।

Ans : A.

৬৭. যদি L ৩নং দলে থাকে এবং V এবং X একই দলে না থাকে তাহলে ২নং দলে করা থাকবে?

- A. M এবং T B. K, M এবং O
C. X, O এবং T D. O, P এবং X

ব্যাখ্যা : L কে ৩নং দলে, V এবং X একই দলে না। অর্থাৎ V ১নং দলে এবং X ২নং দলে হলে;

- ১ম দল = V
২য় দল = X
৩য় দল = L, K, M; [এরা একত্রে থাকে]

V এর সাথে O থাকে না, X এর সাথে P থাকে না।

- ∴ ১ম দল = V, P
২য় দল = X, O
৩য় দল = L, K, M

প্রদত্ত option এর option A এবং B বাদ। কারণ M অবশ্যই ৩য় দলে যাবে। option D বাদ, কারণ X এর সাথে P হবে না। তাই Option C সঠিক।

Ans : C.

৬৮. যদি দুইজন ছাত্রী একই দলে থাকে, তবে নিচের কোন জোড়াটি অবশ্যই এক দলে থাকবে?

- A. O এবং P B. L এবং T C. K এবং P D. P এবং T

ব্যাখ্যা : ২ জন ছাত্রী একই জোড়ায় হলে,

- ১ম দল = V, X ২য় দল = P, O ৩য় দল = L, K, M
V এর সাথে O থাকে না এবং X এর সাথে P থাকে না। তাই, V ও X একই গ্রুপে হলে P এবং O একই গ্রুপে।

Ans : A.

৬৯. যদি V এবং T একই দলে থাকে তাহলে কোনটি সত্য?

- A. K এবং T এক দলে থাকবে B. শুধুমাত্র O এবং X ২নং দলে থাকবে
C. O এবং T এক দলে থাকবে D. শুধুমাত্র P এবং X ৩নং দলে থাকবে

ব্যাখ্যা : V এবং T একই দলে হলে, ১ম দল = V, T, P
২য় দল = O, X
৩য় দল = L, K, M

১ম দলে V এবং T দিলে O কে অবশ্যই ২য় দলে দিতে হবে। ৩য় দলে L, K, M কে দিতে হবে। P এবং X একই দলে হবে না। তাই, P কে ১ম দলে এবং X কে ২য় দলে দেয়া হল।

option A তে K এর কথা আছে। K থাকবে L এবং M এর সাথে option C তে O এবং T আছে। V, T এর সাথে হলে সেখানে O আসতে পারবে না।

option D তে P এবং X আছে। কিন্তু P এবং X একত্রে হবে না। তাই, option B সঠিক।

Ans : B.

৭০. যদি K ২নং দলে থাকে তাহলে নিচের কোনটি মিথ্যা?

- A. M ৩নং দলে
B. O ৩নং দলে
C. P ২নং দলে
D. T ১নং দলে

ব্যাখ্যা : L, K, M একত্রে থাকে। K ২য় দলে হলে Mও ২য় দলে থাকবে। তাই option A-ই সঠিক।

Ans : A.

৭১. ঢাকার কোন নামকরা প্রকাশক হিসাব করে দেখলেন ৩০,০০০-৪০,০০০ পাঠক সমগ্র রবীন্দ্র রচনাবলীর সংকলনটি কিনতে আগ্রহী। কিন্তু কেন রবি ঠাকুরকে নিয়ে এই আগ্রহ? বিদ্বজ্জনদেরা বলে থাকেন, কবির সৃষ্টি চরিত্রগুলোর দার্শনিকতা এমনকি আজকের সময়েও প্রাসঙ্গিক। এ থেকে বোঝা যায়:

- A. অন্য লেখকদের সৃষ্টি চরিত্রগুলো আগ্রহোদ্দীপক নয়
B. ঠাকুরের সৃষ্টি চরিত্রগুলোর জন্যই লোকে তার ব্যাপারে আগ্রহী
C. পণ্ডিত ও বিদ্বজ্জনদের রবি ঠাকুর সমগ্র ছাপাতে চান
D. পাঠকদের মাঝে রবি ঠাকুর বিষয়ক আগ্রহ নতুন করে সৃষ্টি

Ans : B.

৭২. গার্বেন্টস সেটরে অহরহ শ্রমিকের মৃত্যু প্রমাণ করে:

- A. শ্রমিকরা জীবনবাজী রেখে মালিকের জন্য কাজ করে
B. শ্রমিকের জীবনের কোন মূল্য এই সমাজ দেয় না
C. মালিকের জীবন বাঁচাতে শ্রমিক নিজের জীবন দেয়
D. মালিককে ভালোবেসে শ্রমিক অকাতরে জীবন দেয়

Ans : B.

৭৩. বক্তব্য: কিছু প্রেমিক বিপ্লবী। কবি একজন প্রেমিক। এ থেকে বোঝা যায়:

১. কবি একজন বিপ্লবী নন। ২. কবি একজন বিপ্লবী
A. কেবল ১নং সিদ্ধান্তে উপনীত হওয়া যায়
B. কেবল ২নং সিদ্ধান্তে উপনীত হওয়া যায়
C. ১নং অথবা ২নং যে কোন সিদ্ধান্তে উপনীত হওয়া যায়
D. ১নং বা ২নং কোন সিদ্ধান্তেই উপনীত হওয়া যায় না

ব্যাখ্যা : যেহেতু কবি একজন প্রেমিক। আবার বলা হয়েছে কিছু প্রেমিক বিপ্লবী। তাই একজন কবি বিপ্লবী হওয়ার বা না হওয়ার সম্ভাবনা আছে।

Ans : D.

৭৪. 'হাল ছেড়োনা বন্ধু বরং কষ্ট ছাড়ো জোড়ে, দেখা হবে তোমায় আমার অন্য গানের ভোরে' — পংক্তিটির অর্থ কি?

- A. ভোরবেলায় বন্ধুর সাথে দেখা হবে
B. দিন বদলের শুরুতে বন্ধুর দেখা হবে
C. কষ্ট উচুতে তুলে গান গাইলে বন্ধুর সাথে দেখা হবে
D. নতুন গান গাইতে গাইতে বন্ধুর সাথে দেখা হবে

Ans : B.

৭৫. বক্তব্য:

১. অভিজিত রায় সহ একের পর এক ব্লগারকে কুপিয়ে হত্যা করেছে সম্রাসীরা।
২. শিশু রাকীব যে গ্যারেজে কাজ করত তার মালিক তাকে শরীরে বাতাস ঢুকিয়ে হত্যা করেছে।
A. ১নং বাক্যটি কারণ আর ২নং বাক্যটি হলো তার ফল
B. ২নং বাক্যটি কারণ আর ১নং বাক্যটি হলো তার ফল
C. ১ ও ২ উভয় বাক্যই স্বতন্ত্র কারণসমূহের ফল
D. ১ ও ২ উভয়ই কোন সাধারণ কারণের ফল

Ans : C.

৭৬. বক্তব্য:

১. প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা তাদের টিউশন ফি'র ওপর আরোপিত ভ্যাট বাতিলের দাবিতে নগরের রাস্তায় প্রতিবাদ আয়োজন করে।
২. সরকার সিদ্ধান্ত পরিবর্তন করে ভ্যাট গ্রহণ না করার বিষয়টি ঘোষণা করল।
A. ১নং বাক্যটি কারণ আর ২নং বাক্যটি হলো তার ফল
B. ২নং বাক্যটি কারণ আর ১নং বাক্যটি হলো তার ফল
C. ১ ও ২ উভয় বাক্যই স্বতন্ত্র কারণসমূহের ফল
D. ১ ও ২ উভয়ই কোন সাধারণ কারণের ফল

ব্যাখ্যা : প্রতিবাদের কারণে ভ্যাট গ্রহণ বাতিল হয়েছে। তাই ১নং টি কারণ এবং ২নং টি ফল।

Ans : A.

৭৭. ভূটানের মানবাধিকার পরিস্থিতি ভারতের চেয়ে ভালো। কিন্তু ভারতের মানবাধিকার পরিস্থিতি আমেরিকার চেয়ে ভালো। যদিও ইংল্যান্ডের মানবাধিকার পরিস্থিতি আমেরিকার চেয়ে খারাপ। অতএব, ইংল্যান্ডের মানবাধিকার পরিস্থিতি ভূটানের সমমানের।

যদি প্রথম তিনটি বাক্য সত্য হয় তাহলে শেষেরটি-

- A. সত্য
B. মিথ্যা
C. বলা সম্ভাবপর নয়
D. তর্ক সাপেক্ষ

ব্যাখ্যা : ভূটান > ভারত > আমেরিকা > ইংল্যান্ড।

তাই, ভূটান ≠ ইংল্যান্ড। তাই শেষের বাক্য মিথ্যা।

Ans : B.

৭৮. 'জাতি, ধর্ম, বর্ণ প্রভৃতির দিক থেকে যতই বৈষম্য করা হোক না কেন, বিশ্বমানব মিলে একটি অভিন্ন পরিবার এবং সকল মানুষ একই পরিবারের সদস্য। সেই হিসেবে সকল মানুষ-ই অভিন্ন অধিকার নিয়ে জন্মগ্রহণ করে' --- এখানে যে বিষয়টির উপর গুরুত্ব দেয়া হয়েছে-

- A. মানব উন্নয়ন
B. মানবাধিকার
C. অর্থনৈতিক উন্নয়ন
D. উপরের সবগুলোই

Ans : B.

৭৯. 'কুয়ো'র ব্যাঙ - এক্ষেত্রে 'কুয়ো' কিসের রূপক?

- A. জলাধার
B. সুপ্রশস্ত বাসস্থান
C. সংকীর্ণ জগত
D. অর্দ্র পরিবেশ

Ans : C.

৮০. কবির সবসময় সুন্দরের পূজারী হয়ে থাকেন। কিছু কবি মিষ্টভাষী হয়ে থাকেন। কবির সবসময় মিষ্টভাষী হয়ে থাকেন। যদি প্রথম দু'টি বাক্য সত্য হয়, তাহলে শেষেরটি-

- A. সত্য
B. মিথ্যা
C. অনির্ধারণযোগ্য
D. তর্ক সাপেক্ষ

ব্যাখ্যা : ২য় বাক্যে বলা আছে কিছু কবি মিষ্টভাষী। তাই "কবির সবসময় মিষ্টভাষী" এটা মিথ্যা।

Ans : B.

!!! বের হয়েছে !!!

পানকৌড়ি

রাজশাহী বিশ্ববিদ্যালয় -এর শতভাগ

ব্যাখ্যা সম্বলিত একমাত্র প্রশ্নব্যাংক

- ◆ বিজ্ঞান - C-Unit ◆ মানবিক - A Unit
◆ ব্যবসায় - B Unit
◆ বিবিএ ও আইবিএ (অবাণিজ্য) - B Unit

শিক্ষার সবকিছু দাঁতশালায়

• প্রশ্নব্যাংক • ক্লাস • পরীক্ষা • PDF • তথ্য • কোর্স • কেয়ার